# বার্ষিক কার্যক্রম প্রতিবেদন

১৭ ভাদ্র ১৪২৪-১৬ ভাদ্র ১৪২৫ /০১ সেপ্টেম্বর ২০১৭ - ৩১ আগস্ট ২০১৮

## নারীপক্ষ

নীলু স্কয়ার (৫ম তলা), সড়ক- ৫/এ, বাড়ী-৭৫, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

# সূচীপত্র

পৃষ্ঠা নং


১। নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান ........ ৩
(ক) মুক্ত ফোরাম ........ ৩
(খ) ২৫ নভেম্বর, নারী নির্যাতনের বিরূদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস ........ ৩
(গ) আলোর স্মরণে কাটুক আঁধার ........ ৩
(ঘ) আন্তর্জাতিক নারী দিবস - ৮ মার্চ ২০১৮ ........ ৩-৪
২। ইউনিভার্সিটি অব আইসল্যান্ড এর প্রতিনিধির নারীপক্ষ পরিদর্শন ........ ৪
৩। নোবেল বিজয়ী তিনজন নারীকে নিয়ে 'জীবন ও সংগ্রামের পথে' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত ...... ৪
৪। নাসরীন হক এর ১২ তম মৃত্যু বার্ষিকী "শিকড় এর নাসরীন" ........ ৫
৫। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি ........ ৫
৬। অবস্থান কর্মসূচী ........ ৫
৭। নারীপক্ষ'র বিভিন্ন কর্মশালা ও বৈঠক........ ৬
(ক) মাসিক বৈঠক ........ ৬
(খ) সাপ্তাহিক বৈঠক ........ ৬
(গ) নির্বাহী পরিষদ বৈঠক ........ ৬-১৫
(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক........ ১৬
(ঙ) ব্যবস্থাপনা বৈঠক ........ ১৬
(চ) কর্মী বৈঠক ........ ১৭
(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠক ........ ১৭-১৮
৮। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী ........ ১৮
৯। নতুন কর্মসূচী গ্রহণ ........ ১৯
(ক) নারীর মানবাধিকার রক্ষায় আইন বাস্তবায়নের জন্য এডভোকেসী (২০১৭-২০১৮) .......... ১৯
(খ) নিরাপদ মাসিক নিয়ন্ত্রণের অধিকারের দাবীতে এশিয়া মহাদেশে কৌশলগত সম্পর্ক স্থাপন ...... ১৯
(২০১৮-চলমান) ........ ১৯
(গ) 'আইসিপিডি+২৫' (২০১৮-চলমান) ........ ১৯
(ঘ) অধিকার এখানে, এখনই (RHRN) প্রকল্প: (২০১৭-চলমান) ........ ১৯
(ঙ) টেকসই শান্তি বজায় রাখা সম্পর্কে সুশীল সমাজের ধারণা ও এর অর্থ নিয়ে একটি গবেষণা .... ২০
(চ) রোহিঙ্গা নারীদের পাশে আমরা ........ ২০
১০। নারীপক্ষ থেকে বিভিন্ন কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ ........ ২০-২৩
১১। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ ............. ২৩
১২। প্রতিবাদ বিবৃতি ........ ২৩-২৫
১৩। প্রতিবাদ জানিয়ে মন্ত্রণালয়ে/অন্যান্য চিঠি ........ ২৫
১৪। শোকবার্তা ও শোক সংবাদ ........ ২৬
১৫। অভিনন্দনপত্র ........ ২৬
১৬। সদস্য সংবাদ ........ ২৭
১৭। কর্মী সংবাদ ........ ২৭

১। **নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান ঃ**

**(ক) মুক্ত ফোরাম : প্রতিবেদন কালে মুক্ত ফোরাম/বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছে ২ টি যা নিম্নরূপ:**

- ২০ জ্যৈষ্ঠ ১৪২৫/৩ জুন ২০১৮ সকাল ১০টায় নারীপক্ষ ও সেন্টার ফর পীস অ্যান্ড জাস্টিস, ব্র্যাক বিশ্ববিদ্যালয় আয়োজিত নারীপক্ষ'র নাসরীন হক সভাকক্ষে "আন্তর্জাতিক অপরাধ আদালতে বিচারিক প্রক্রিয়া ও মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গা জনগোষ্টির ন্যায় বিচার প্রাপ্তি" শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়। মূল বক্তা ছিলেন অস্ট্রেলিয়ার সিডনী বিশ্ববিদ্যালয়ে শান্তি ও সংঘাত বিষয়ে অধ্যায়নরত ও মানবাধিকার, আন্তর্জাতিক আইন ও সংঘাত মীমাংসা বিশেষজ্ঞ কেভিন চ্যাং।
- ২৫ বৈশাখ ১৪২৫/ ০৮ মে ২০১৮ নারীপক্ষ'র নাসরীন হক সভাকক্ষে **"যুদ্ধকালে অস্ত্র হিসেবে যৌন সহিংসতার ব্যবহার"** বিষয়ক মুক্ত ফোরাম অনুষ্ঠিত হয়। মূল আলোচক ছিলেন জাতিসংঘ মহাসচিবের **'সংঘাতময় পরিস্থিতিতে যৌন সহিংসতা'** বিষয়ক প্রতিনিধি প্রমিলা প্যাটেন।

**(খ). 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' ২০১৭:**

২৫ নভেম্বর 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' উপলক্ষে নারীপক্ষ গত ২১ অগ্রহায়ণ ১৪২৪/ ৫ ডিসেম্বর ২০১৭, বিকেল ৪ টায় রবীন্দ্র সরোবরে বাংলাদেশের তৈরিপোশাক কারখানার নারী শ্রমিকদের অধিকার আদায় ও নির্যাতন হ্রাসের লক্ষ্যে গঠিত পাঁচটি সংগঠনের (নারীপক্ষ, ব্লাস্ট, ব্র্যাক, এসএনভি ও খ্রীষ্টান এইড) মিলিত উদ্যোগ 'সজাগ' এর মাধ্যমে **"নারীর উপর যৌন নির্যাতন আর না"** প্রতিপাদ্য নিয়ে একটি অনুষ্ঠান করে। অনুষ্ঠানে সজাগ সম্পর্কে ধারণা প্রদান করেন সজাগ প্রতিনিধি কোয়েলা শারমীন। ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য আফসানা চৌধুরী এমি। গান পরিবেশন করেন তপন ও সায়ান। এছাড়াও নির্যাতনের শিকার ৩ জন মৃত শিশু, কিশোরী ও তরুণীর জীবন কাহিনী উপস্থাপন ও কবিতা আবৃত্তি করা হয়। অনুষ্ঠানে সমমনা মানবাধিকার ও নারী সংগঠন সমূহের প্রতিনিধি, নারীনেত্রী এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। এছাড়া, ২৪ নভেম্বর ২০১৭ একই স্থানে ইউএন ওমেন- এর আর্থিক সহায়তায় নারীপক্ষ, বাংলাদেশ নারী প্রগতি সংঘ, বাংলাদেশ মহিলা পরিষদ, আমরাই পারি: পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট, কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম, বাংলাদেশ আদিবাসী নারী নেটওয়ার্ক, মানুষের জন্য ফাউন্ডেশনসহ ২২টি সংগঠন যৌথভাবে অনুষ্ঠান করে।

**(গ). 'আলোর স্মরণে কাটুক আঁধার'- ২০১৭:**

গত ২৮ অগ্রহায়ণ ১৪২৪/১২ ডিসেম্বর ২০১৭ বিকেল ৫:১৫ মি. কেন্দ্রীয় শহীদ মিনারে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে নারীপক্ষ'র বিশেষ স্মরণ অনুষ্ঠান 'আলোর স্মরণে কাটুক আঁধার' অনুষ্ঠিত হয়। গত ২৫ আগস্ট ২০১৭ মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে সাধারণ মানুষের উপর আবারও আক্রমণ, নির্যাতন, ধর্ষণ, জ্বালাও-পোড়াও এর কারণে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থী পরিস্থিতি বিবেচনায় "৭১ এ আমরা, আর '১৭ এ রোহিঙ্গা: প্রেক্ষাপটের ভিন্নতা ও অভিন্নতা" প্রতিপাদ্য নিয়ে এবারের অনুষ্ঠান করা হয়। অনুষ্ঠানে ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সভানেত্রী রেহানা সামদানী। '৭১ এ মুক্তিযুদ্ধকালীণ বাংলাদেশের শরণার্থীদের স্মৃতিচারণ করেন আন্দোলন সম্পাদক রীনা রায়। বাংলাদেশে বর্তমান রোহিঙ্গা শরণার্থীদের সাথে কাজের অভিজ্ঞতা বিনিময় করেন জুলিয়ান ফ্রান্সিস ও গোলাম মোস্তফা। 'যশোর রোড' কবিতাটি আবৃত্তি করেন ইকবাল আহমেদ। গান পরিবেশন করেন বর্ণা চৌধুরী ও 'সুরতীর্থ' এর শিল্পীবৃন্দ ।

**(ঘ) 'আন্তর্জাতিক নারী দিবস' উদযাপন - ২০১৮**

- **২৫ ফাল্গুন ১৪২৪/৯ মার্চ ২০১৮ আশুলিয়া স্কুল এন্ড কলেজ মাঠে 'আন্তর্জাতিক নারী দিবস' উদযাপন:**

'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে ২৫ ফাল্গুন ১৪২৪/৯ মার্চ ২০১৮ আশুলিয়া স্কুল এন্ড কলেজ মাঠে পাঁচটি সংগঠনের (ব্লাস্ট, ব্র্যাক, ক্রিশ্চিয়ান এইড, নারীপক্ষ ও এসএনভি) মিলিত উদ্যোগ 'সজাগ' এর পক্ষে ব্লাস্ট এর আয়োজনে সকাল ১১ টা থেকে ৪ টা পর্যন্ত লিগ্যাল এইড ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে এলাকায় বসবাসকারী বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশগ্রহণ করে। আইনজীবীর উপস্থিতিতে যৌন হয়রানী, শিল্প সম্পর্ক, পারিবারিক বিভিন্ন বিষয়ে আইন সচেতনতামূক আলোচনা, প্রশ্নোত্তর, আইনী পরামর্শ প্রদান ও আইন সহায়তার জন্য আবেদন গ্রহণ করা হয়। নারীপক্ষ ও ব্র্যাকের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও গণনাটক বিকাল ৪.৩০ অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে পোশাক শিল্প কারখানার শ্রমিকবৃন্দ, স্কুল কলেজের ছাত্র-ছাত্রী ও স্থানীয় জনগণ এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মাহীন সুলতান 'সজাগ' এর দলনেত্রী ও নারীপক্ষ'র সদস্য অনুষ্ঠানের আহ্বান জানান। ঘোষনাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য আফসানা চৌধুরী এমি। নাঁচ পরিবেশন করেন শ্রাবন্তী ও তার দল। মনোলগ পাঠ করেন নাহিন শফিক আনন্দী,

গান পরিবেশন করেন মনির হোসেন, রিয়া আক্তার, আশিক ও তার দল। গণনাটক পরিবেশন করে ব্র্যাক। অনুষ্ঠান সঞ্চালণা করেন নারীপক্ষ'র সদস্য মাহীন সুলতান।

❖ **'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে নারীপক্ষ'র আয়োজনে বীরাঙ্গনাদের নিয়ে প্রীতি সম্মিলন:**

২৪ ফাল্গুন ১৪২৪/৮ মার্চ ২০১৮, 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে নারীপক্ষ'র আয়োজনে সন্ধ্যা ৬টায় 'নাসরীন হক সভাকক্ষ' এ '৭১ এর বীরাঙ্গনাদের নিয়ে এক প্রীতি সম্মিলন অনুষ্ঠিত হয়। এই সম্মিলনে '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির আওতায় ভাতাপ্রাপ্ত ১৫জন বীরাঙ্গনা এবং এই কর্মসূচিতে অনুদান প্রদানকারীসহ নারীপক্ষ'র বন্ধু-শুভানুধ্যায়ী ও সদস্য-কর্মীগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, নারীপক্ষ গত ২০১১ থেকে দেশের বিভিন্ন প্রান্তের কিছু বীরাঙ্গনাকে মাসিক সামান্য ভাতা দিয়ে আসছে এবং এটা কোন প্রকল্প না।
বীরাঙ্গনারা হলেন- রিজিয়া বেগম, মনোয়ারা বেগম, ফুলভানু, মনোয়ারা বেগম, হাজেরা বেগম, জামিলা বেগম, ছয়তুন নেছা, আনোয়ারা বেগম, জাহানারা বেওয়া, জরিনা বেওয়া, রোকেনা বেওয়া, সুরাইয়া বেগম, মাহেলা বেগম, রাহেলা বেগম ও বানু বিবি।
নারীপক্ষের সদস্য ফিরদৌস আজীমের সঞ্চালণায় অনুষ্ঠানের শুরুতেই সদ্য প্রয়াত মুক্তিযোদ্ধা ফেরদৌসি প্রিয়ভাষিনী ও নারীপক্ষের ভাতাগ্রহণকারী পাঁচজন প্রয়াত বীরাঙ্গনার জন্য এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে নিলীমা ইব্রাহীম রচিত 'আমি বীরাঙ্গনা বলছি' পাঠ করেন রেহানা সামদানী, সদস্য নারীপক্ষ। এর পরেই ১৫ জন বীরাঙ্গনার হাতে উপহার হিসেবে শাড়ি ও পোষ্টার তুলে দেন।
তারপর শুরুহয় স্মৃতিচারণের পালা। এসময় এক আবেগঘন সন্ধ্যায় উপস্থিত সকলের সঙ্গে বীরাঙ্গনাদের এক মেলবন্ধন তৈরি হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে ইয়াসমিন কবির পরিচালিত 'স্বাধীনতা' তথ্যচিত্রটি প্রদর্শিত হয়।

**২। ইউনিভার্সিটি অব আইসল্যান্ড এর প্রতিনিধির নারীপক্ষ পরিদর্শন:**
ইউনিভার্সিটি অব আইসল্যান্ড এর তিনজন প্রতিনিধি গত ১৬ জানুয়ারি ২০১৮ রাতে ঢাকায় আসেন। পরের দিন (১৭/০১/১৮) তারা নারীপক্ষ কার্যালয়ে আসেন এবং সকাল ১১টা-বিকাল ৪টা নারীপক্ষসহ অন্যান্য নারীনেত্রীদের সাথে একটি কর্মশালা করেন। কর্মশালায় তারা **"সমতার পথে আইসল্যান্ডের অভিজ্ঞতা"** বিষয়ে একটি বিশেষ আলোচনা করেন। ১৯ জানুয়ারি সকাল ১০:৩০-দুপুর ১টা নারীপক্ষ'র নেতৃস্থানীয় সদস্যদের সাথে **"নারীনেতৃত্ব, ক্ষমতা ও বর্তমান সমাজের ভূমিকা"** বিষয়ে ফোকাস গ্রুপ আলোচনা করেন। উক্ত প্রতিনিধিদের সম্মানে ১৮/০১/১৮ তারিখ রাতে নারীপক্ষ থেকে নৈশ ভোজের আয়োজন করা হয়।

**৩। নোবেল বিজয়ী তিনজন নারীকে নিয়ে 'জীবন ও সংগ্রামের পথে' শীর্ষক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠান**
১৬ ফাল্গুন ১৪২৪/২৮ ফেব্রুয়ারি ২০১৮ বিকেলে 'কৃষিবিদ ইনস্টিটিউশন', খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা- এর সভাকক্ষে বাংলাদেশে আগত তিনজন নোবেল বিজয়ী নারীকে নিয়ে 'জীবন ও সংগ্রামের পথে' শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে নোবেল বিজয়ী এই তিন নারীকে ক্রেস্ট ও উত্তোরিও প্রদান করে নারীপক্ষ থেকে শুভেচ্ছা জানানো হয়। এর পর তাঁরা শুভেচ্ছা বক্তব্য দেন এবং তাদের জীবন সংগ্রামের বিভিন্ন দিক সম্পর্কে বলেন। প্রশ্নোত্তর পর্বে উপস্থিত দর্শক শ্রোতাদের অনেকে তাদেরকে বিভিন্ন প্রশ্ন করেন। তাঁরা ধর্যসহকারে তা শোনে ও উত্তর দেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নারীপক্ষ'র নির্বাহী সদস্য শিরীন হক।
শান্তি, ন্যায় বিচার ও সমতার লক্ষ্যে গঠিত "নোবেল বিজয়ী নারীদের উদ্যোগ" (Nobel Women's Initiative)- এর পক্ষে শান্তিতে নোবেল বিজয়ী তিনজন নারী ও তাঁদের সহকর্মীসহ মোট ১৪ জনের একটি দল ২৪ ফেব্রুয়ারি থেকে ১ মার্চ ২০১৮ বাংলাদেশ সফর করেছেন। তাঁদের এই সফর কর্মসূচির স্থানীয় সমন্বয়ের দায়িত্ব পালন করেছে নারীপক্ষ।
তাঁদের এই সফরের প্রধান উদ্দেশ্য: মিয়ানমার থেকে আগত রোহিঙ্গাদের, বিশেষত নারী ও শিশুদের অবস্থা সম্পর্কে সরজমিনে জানা ও বুঝা। তাঁরা কক্সবাজার এলাকায় রোহিঙ্গাদের আশ্রয়শিবির পরিদর্শন, রোহিঙ্গাদের সাহাযার্থে সরকারী কর্মকর্তা, দেশী ও বিদেশী সংগঠনসমূহের কর্মীদের সাথে সাক্ষাত এবং সফর শেষে সংবাদ সম্মেলন করবেন। এই পর্বে নারীপক্ষ'র সদস্য শিরীন হক ও রীনা রায় এবং যাত্রিকের পক্ষে নারীপক্ষ'র সদস্য সাদাফ-সায-সিদ্দিকী।

**৪। নাসরীন হক এর ১২ তম মৃত্যু বার্ষিকী "শিকড় এর নাসরীন" পালন:**
১১ বৈশাখ ১৪২৫/২৪ এপ্রিল ২০১৮ সন্ধ্যা ৬.৩০ মিনিটে নারীপক্ষ'র নাসরীন হক সভাকক্ষে নারী আন্দোলন ও মানবাধিকার কর্মী নাসরীন হক এর ১২ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে "শিকড় এর নাসরীন" শীর্ষক অনুষ্ঠান হয়।
অনুষ্ঠানের শুরুতে সূচনা বক্তব্য রাখেন নারীপক্ষ'র সদস্য নাজমা বেগম। রবীন্দ্র সঙ্গীত 'আমি কান পেতে রই' ও 'আমি তোমারই মাটির কন্যা' পরিবেশন করেন সেঁজুতি বড়ুয়া। লালনগীতি 'মানুষ ছাড়া ক্ষ্যাপারে তুই মূল হারাবি' পরিবেশন

করেন হালিমা পারভীন। রিয়াজ আহমেদ এর কবিতা 'অসময়ে চলে যাওয়া' আবৃত্তি করেন নারীপক্ষ'র সদস্য নাজমুন নাহার।

নাসরীন হক একটি আন্দোলনের নাম, যাঁর কণ্ঠ সর্বদা স্বোচ্চার ছিলো শোষণ, নির্যাতন ও বৈষম্যের শিকার মানুষের পক্ষে। যেখানে যখনই নারীর অধিকার লঙ্ঘনের খবর পেয়েছেন, ছুটে গিয়েছেন সেখানে, ব্যবস্থা নিয়েছেন তাৎক্ষণিকভাবে এবং পরবর্তীতে দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও তা বাস্তবায়নের পদক্ষেপ নিতে সরকারের নীতি নির্ধারনী পর্যায়ে আলোচনা করেছেন। এরকম দীর্ঘমেয়াদি কার্যক্রমের মধ্যে রয়েছে নারীর স্বাস্থ্য ও প্রজনন অধিকার, স্তন ক্যান্সার, নিরাপদ মাতৃত্ব, তামাকবিরোধী আন্দোলন, এইচআইভি আক্রান্ত নারীর অধিকার, যৌনকর্মীদের মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদ, নারীর উপর সহিংসতা রোধ, ইত্যাদি। প্রসূতিমৃত্যু রোধে নাসরীন হক এর পদক্ষেপ ছিলো অত্যন্ত বলিষ্ঠ। নারীর প্রজননস্বাস্থ্য ও অধিকার নিয়ে তাঁর নিরলস প্রচেষ্টার সুফল পাচ্ছেন বাংলাদেশের অসংখ্য নারী। এসিড আক্রমণের শিকার নারীর মুখ নাসরীন হকই প্রথম জন-সম্মুখে নিয়ে এসেছিলেন।

নাসরীন হক, কান্ট্রি ডিরেক্টর, এ্যাকশনএইড এবং সদস্য নারীপক্ষ, গত ২৪ এপ্রিল ২০০৬ আনুমানিক সকাল ৯: ৪০ মিনিটে নিজ বাড়ীর গাড়ী পার্কে অফিস হতে নিতে আসা এ্যাকশনএইড -এর গাড়ী দ্বারা গুরুতর আঘাতপ্রাপ্ত হয়ে সম্মিলিত সামরিক হাসপাতালে মারা যান।

নাসরীন হক এর স্বপ্ন বাস্তবায়নের চেষ্টায় অবিরাম লড়াই করে চলেছেন তাঁর অনেক সহযোদ্ধা। তাঁর অনুপ্রেরণায় অনুপ্রাণিত হয়ে সুবিধা বঞ্চিত নারীদের জন্য কাজ করে যাচ্ছেন এমন ব্যক্তিদের মধ্যে এই অনুষ্ঠানে স্মৃতিচাণ করেন বরগুনার হোসনে আরা হাসি, টাঙ্গাইলের রওশন আরা লিলি, শামসুন নাহার, ঢাকা জেসমীন প্রেমা ও চট্টগ্রামের শিশির দত্ত।

স্মৃতিচারণের সময় বক্তারা বলেন, টাঙ্গাইলের তাঁত শিল্পে নারীরা কাজের বিনিময়ে যে মজুরী পায় সেটা নাসরীন হক এরই অবদান। নাসরীন হক এর সাহস, অনুভুতি, অনুপ্রেরণায় তাঁরা আজকের এই অবস্থানে। তিনি স্বপ্ন দেখতেন নারীরা ব্যবসা করবে, নিজের পায়ে দাড়াবে, নিজে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং আয়ের টাকা খরচ করবে।

**৫। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তিঃ**

তহবিল সংকটের কারণে ২০১৮ সালে নতুন করে কাউকে রোকেয়া বুলি শিক্ষা বৃত্তির আওতায় নেয়া সম্ভবন হয়নি। পূর্ববর্তী বৃত্তিপ্রাপ্ত ফাইমা আক্তার অনার্স চতুর্থ বর্ষে পরীক্ষা সমাপ্ত করেছে বলে তাকে বৃত্তি প্রদার সাময়িক স্থাগিত রাখা হয়েছে। স্নাতকোত্তর এ ভর্তির পরে পুনরায় বৃত্তি প্রদান বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। আম্বিয়া খাতুন সিরাজগঞ্জ মেডিকেল কলেজে চতুর্থ বর্ষে উত্তীর্ণ হয়েছে।

**৬। অবস্থান কর্মসূচীঃ**

- **'এক বছরেও সুরাহা মেলেনি রোহিঙ্গাসংকটের' - নারীপক্ষ'র অবস্থান কর্মসূচী :**

গত ১০ ভাদ্র ১৪২৫/২৫ আগস্ট ২০১৮ বিকাল ৪.৩০ মিনিটে নারীপক্ষ কার্যালয়ের সামনে ব্যানার ফেষ্টুন নিয়ে 'এক বছরেও সুরাহা মেলেনি রোহিঙ্গা সংকটের' বিষয়ে একটি অবস্থান কর্মসূচী পালন করা হয়। এই কর্মসূচীতে নারীপক্ষ'র সদস্য কর্মী ও সমমনা সংগঠন 'ইউথ ফর হিউম্যান রাইটস ইন্টারন্যাশনাল বাংলাদেশ' এর প্রতিনিধি বৃন্দ অংশগ্রহণ করেন।

- **মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর হামলা ও নির্মমভাবে হত্যার বিরুদ্ধে অবস্থান কর্মসূচীঃ**

"বিপন্ন রোহিঙ্গা জনগোষ্ঠির পাশে আমরা" এই শিরোনামে গত ২২ আশ্বিন ১৪২৪/৭ অক্টোবর ২০১৭ শনিবার ৩.৩০মিঃ থেকে ৪.৩০মিঃ পর্যন্ত নারীপক্ষ ও দুর্বার নেটওয়ার্ক সম্মিলিতভাবে নারীপক্ষ'র কার্যালয়ের (ধানমন্ডি ৫/এ, সাতমসজিদ রোড) সামনে অবস্থান কর্মসূচী পালন করে। এই কর্মসূচীর সাথে সংহতি জানিয়ে ঢাকায় সবুজের অভিযান, সংস্কৃতি বিকাশ কেন্দ্র, উবিনীগ, দুঃস্থ মহিলা সমিতি, শতাব্দী মহিলা কল্যাণ সংস্থা, নারী গ্রন্থ প্রবর্তণা, গণস্বাস্থ্য কেন্দ্র এবং একই সাথে ঢাকার বাইরের ২৫ টি জেলা-উপজেলায় নারী আন্দোলনের সাথে যুক্ত সংগঠন ও মানবাধিকার সংগঠন সমূহ এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে নিয়ে এই কর্মসূচী পালন করে।

কর্মসূচীতে নিম্ন লিখিত দাবিগুলো জানানো হয়ঃ

গণহত্যা ও ধর্ষণ বন্ধ কর
রোহিঙ্গাদের নাগরিকত্ব ফিরিয়ে দাও
রোহিঙ্গা শরণার্থী নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা
রোহিঙ্গা শরণার্থী নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা

আশ্রয় শিবিরে ২৪ ঘণ্টা স্বাস্থ্যসেবা নিশ্চিত করা
রোহিঙ্গা নারী ও শিশুর কাউন্সেলিং এর ব্যবস্থা করা

৭। <u>নারীপক্ষ'র বিভিন্ন কর্মশালা/বৈঠক:</u>

<u>(ক) মাসিক বৈঠক:</u> মাসের প্রথম মঙ্গলবার নারীপক্ষ'র মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে; সেই অনুযায়ী প্রতিবেদনকালে (০১ সেপ্টেম্বর ২০১৭ - ৩১ আগস্ট ২০১৮) ১২টি মাসিক বৈঠক হওয়ার কথা থাকলেও ১১টি মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ০১ মে ২০১৮ মঙ্গলবার মে দিবসের ছুটি থাকায় মে মাসের মাসিক বৈঠক হয়নি।

<u>(খ) সাপ্তাহিক বৈঠক:</u> মাসের প্রথম মঙ্গলবার বাদে প্রতি মঙ্গলবার সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে, সাপ্তাহিক বৈঠকের প্রতিবেদন খাতার তথ্য অনুযায়ী ৩৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। ১২ জুন ও ২১ আগস্ট ২০১৮ মঙ্গলবার সরকারী ছুটি ছিল।

(গ) <u>নির্বাহী পরিষদ বৈঠক:</u> প্রতিবেদন কালে মোট ৩টি (২৩/১২/১৭, ২৪/০৩/১৮ এবং ৭/০৭/১৮ ) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| নারীপক্ষ কার্যালয় এসি করার খরচ | ২৩ ডিসেম্বর ২০১৭<br>..................<br>২৪ মার্চ ২০১৮ | নারীপক্ষ কার্যালয়টি সম্পূর্ণরূপে এবং প্রতিটি অংশ আলাদা আলাদাভাবে ভাগ করে এসি করলে কত টাকা খরচ হবে তার একটি পরিপূর্ণ হিসাব (এসি ক্রয়, লাগানো ও মাসিক বিদুৎ বিল সহ) প্রস্তুত করে নির্বাহী পরিষদের আগামী বৈঠকে দেওয়া হবে।<br>..........................................<br>● নারীপক্ষ'র নীতিগত দিক বিবেচনায় কার্যালয়ে এসি লাগানো হবে না, তবে অতিরিক্ত গরম এবং অন্যান্য ভবনের এসি থেকে নির্গত স্বাস্থ্য হানিকর গরম বাতাসের কষ্ট লাঘবের জন্য প্রয়োজনমতো কর্মীদের বসার জায়গা পরিবর্তন করা হবে। এরজন্য একজন বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া হবে। এই কাজটি সম্পন্ন হওয়ার আগে পর্যন্ত আপাততঃ হিসাব বিভাগের কর্মীরা 'দুর্বার নেটওয়ার্ক' এর কক্ষটির পার্শ্বস্থ টেবিলগুলোতে বসবেন। এরজন্য সেখানকার কর্মী মনীষা মজুমদার ও ইফ্ফাত আরা অর্ণাকে দক্ষিণ পাশের (কমোন বাগানের দিকে) টেবিলে স্থানান্তর করা হবে।<br>● ঢাকা শহরের গরম ও পরিবেশ দূষণ কমাতে এসির ব্যবহার সীমিতকরণ ও যথোপযুক্ত স্থানে লাগানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এ্যাডভোকেসী করা হবে। এই কাজের দায়িত্ব কে নেবেন তা নির্ধারণ করতে বিষয়টি কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকের আলোচ্যসূচিতে দেওয়া হবে। | ● হিসাব বিভাগের কর্মীরা এই স্থান বদলে আগ্রহী হয়নি বিধায় কাজটি করা হয়নি।<br>● বিষয়টি কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি ফলো-আপ করছে। সদস্য শামসুন নেসাকে সমন্বয়কের দায়িত্ব নেওয়ার প্রস্তাব করা হয়েছে, তিনি অক্টোবর ২০১৮ দেশে ফিরে এসে তার সিদ্ধান্ত জানাবেন। ইতিমধ্যে ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) এবং পরিবেশ মন্ত্রণালয় ও রাজউক-কে চিঠি দেওয়া হয়েছে। |
| স্থায়ী আমানতের টাকা | ২৩ ডিসেম্বর ২০১৭ | ● নারীপক্ষ'র স্থায়ী আমানতের টাকা থেকে ১ কোটি টাকা স্থায়ী আমানত হিসেবে উত্তরা ব্যাংকে থাকবে। বাকী টাকা ১ কোটিতে পূর্ণ করে এর ৫০ লাখ টাকা গণস্বাস্থ্য সমবায় ব্যাংকে এবং ৫০ লাখ টাকা (তিন মাস পর পর মেয়াদ উত্তীর্ণকৃত) ধাপে ধাপে | বিষয়গুলো কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি ফলো-আপ করেছে। গণস্বাস্থ্য সমবায় ব্যাংকে সংগঠনের নামে এই আমানত রাখা যায়না বিধায় বাংলাদেশ |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | <br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br>………………<br>২৪ মার্চ ২০১৮ | বাংলাদেশ সমবায় ব্যাংকে ৬ বছরে দ্বিগুন হিসাবে স্থায়ী আমানত রাখা হবে।<br>● উত্তরা ব্যাংক এর মেয়াদ উত্তীর্ণ স্থায়ী আমানত এর স্থানান্তরিত হিসাব এর স্বাক্ষরকারী হবেন ফিরদৌস আজীম, রওশন আরা ও রীনা রায় এবং পূবালী ব্যাংকের মেয়াদ উত্তীর্ণ ২টি স্থায়ী আমানত এর স্থানান্তরিত হিসাব এর স্বাক্ষরকারী হবেন তামান্না খান, শিরীন হক ও রওশন আরা।<br>● 'রোকেয়া বুলি শিক্ষাবৃত্তি' তহবিলের টাকা ১২ মাস মেয়াদী ১০% লভ্যাংশ হারে গণস্বাস্থ্য সমবায় ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে রাখা হবে। এই হিসাব এর স্বাক্ষরকারী হবেন মাহীন সুলতান, রাশিদা হোসেন ও কামরুন নাহার।<br>………………………………………<br>নারীপক্ষ'র স্থায়ী আমানতের টাকা 'বাংলাদেশ সমবায় ব্যাংক' এ স্থায়ী আমানত করে রাখার ক্ষেত্রে নির্ভরযোগ্যতা/বিশ্বাসযোগ্যতা যাচাই করতে হিসাব ও প্রশাসন ব্যবস্থাপক সায়েমা হাসনীন ও কোষাধ্যক্ষ নাজমা বেগম সশরীরে গিয়ে সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তার সাথে কথা বলবেন ও সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকে জানাবেন। | সমবায় ব্যাংকে রাখার উদ্যোগ নেয়া হয় কিন্তু সেখানে এই আমানতের নির্ভরযোগ্যতা/বিশ্বাসযোগ্যতা নিশ্চিত না হওয়ায় শেষপর্যন্ত আমানতগুলো পর্যায়ক্রমে উত্তরা ব্যাংকেই একবছর মেয়াদী স্থায়ী আমানত করে রাখা হচ্ছে। |
| **নির্বাহী পরিষদ পুনর্গঠন এবং সভানেত্রী, কোষাধ্যক্ষ, তিনজন সম্পাদক, ও বিভিন্ন কমিটি নির্বাচন এবং দায়িত্ব বন্টন** | ২৩ ডিসেম্বর ২০১৭ | গত ২৮ অক্টোবর ২০১৭ অনুষ্ঠিত দ্বি-বার্ষিক সাধারণ সভায় ২০১৭-২০১৯ মেয়াদের জন্য ১১ জন সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হয়। সংগঠনের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে আজ ২৩ ডিসেম্বর ২০১৭ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ সভায় এই কমিটিতে আরো ২ জনকে (তামান্না খান পপি এবং খোদেজা খাতুন) কো-অপ্ট করা হয়। এর মধ্য দিয়ে ২০১৭-২০১৯ মেয়াদের জন্য নির্বাচিত নির্বাহী পরিষদ এর সদস্য সংখ্যা হলো ১৩ জন। তাঁরা হলেন,<br>১. রেহানা সামদানী<br>২. রীতা দাশ রায়<br>৩. রাশিদা হোসেন<br>৪. নাজমা বেগম<br>৫. ডা. নাজমুন নাহার<br>৬. অর্চনা বিশ্বাস<br>৭. শিরীন হক<br>৮. ফিরদৌস আজীম<br>৯. ইউ এম হাবিবুন নেসা<br>১০. ফরিদা ইয়াছমিন<br>১১. মাকসুদা বেগম<br>১২. তামান্না খান পপি এবং<br>১৩. খোদেজা খাতুন।<br><br>**পদ বন্টন:** ২০১৭-২০১৯ মেয়াদের জন্য নির্বাচিত **সভাপতি-** অর্চনা বিশ্বাস, **কোষাধ্যক্ষ-** নাজমা বেগম, **প্রকল্প সম্পাদক-** রীতা দাশ রায়, **প্রচার সম্পাদক-** রেহানা সামদানী এবং **আন্দোলন সম্পাদক-** তামান্না খান পপি।<br><br>**কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি:** মোট সদস্য সংখ্যা ৯ জন। এঁরা হলেন, | ১৩ সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরে জমা দেওয়া এবং তা অনুমোদন হয়েছে। সংশোধনী এখনো দেওয়া হয়নি, বিশেষ সাধারণ সভার পরে দেওয়ার সিদ্ধান্ত আছে। অন্যান্য কাজ সিদ্ধান্ত মোতাবেক চলছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | **পদাধিকার বলে:**<br>**কোষাধ্যক্ষ** (নাজমা বেগম) এবং ৩ জন সম্পাদক, যথা- **প্রকল্প সম্পাদক** (রীতা দাশ রায়), **প্রচার সম্পাদক** (রেহানা সামদানী) ও **আন্দোলন সম্পাদক**- (তামান্না খান পপি) এবং **সকল প্রকল্প ও কর্মসূচির সমন্বয়কারী/প্রকল্প পরিচালকগণ** এই কমিটির সদস্য থাকবেন।<br>**মনোনীত ৫ জন সদস্য:**<br>১. শিরীন হক<br>২. ইউ এম হাবিবুন নেসা<br>৩. মাহীন সুলতান<br>৪. ভগবতী ঘোষ এবং<br>৫. নাজমুন নাহার শেলী।<br>**প্রশাসনিক কার্যক্রম:**<br>● সভানেত্রী অর্চনা বিশ্বাস যেহেতু ঢাকার বাইরে (যশোর) বসবাস করেন সেহেতু সভানেত্রীর অনুপস্থিতিতে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে সভাপতিত্ব করবেন উপস্থিত তিন সম্পাদকের একজন।<br>● সংগঠনের দৈনন্দিন আর্থিক লেনদেনের ক্ষেত্রে যেসকল নথিপত্র, বিল-ভাউচার, প্রতিবেদন, আবেদনপত্র, চিঠি, ইত্যাদিতে সভানেত্রীর স্বাক্ষর দেওয়ার প্রচলন রয়েছে তা স্বাক্ষর করবেন কোষাধ্যক্ষ/সংশ্লিষ্ট সম্পাদক/হিসাব ও প্রশাসন ব্যবস্থাপক এবং কিছু কিছু ক্ষেত্রে "সভানেত্রীর পক্ষে" সংশ্লিষ্ট ব্যক্তি, তবে তা প্রতি তিনমাস পর পর সভানেত্রী চূড়ান্ত অনুমোদন/যাচাই করবেন।<br>● আর্থিক লেনদেনের ক্ষেত্রে পেটিক্যাশ (খুচরা ও নগদ) এবং ১০,০০০/- টাকা পর্যন্ত বিল-ভাউচার স্বাক্ষর করবেন কোষাধ্যক্ষ।<br>● প্রশাসনিক ও সাংগঠনিক চিঠি-পত্র, বিবৃতি, প্রতিবাদ, সংবাদ বিজ্ঞপ্তি, প্রতিবেদন, ইত্যাদিতে সংশ্লিষ্ট সম্পাদক অথবা হিসাব ও প্রশাসন ব্যবস্থাপক স্বাক্ষর করবেন।<br>● হিসাব ও প্রশাসন ব্যবস্থাপক এবং ডকুমেন্টেশন কর্মকর্তাসহ সাংগঠনিক কর্মীদের ছুটি সভানেত্রী ই-মেইলে যোগাযোগ এর মাধ্যমে অনুমোদন দেবেন। ছুটির ই-মেইল ও হার্ডকপি সংরক্ষণ করা হবে।<br>............................................................ | |
| | ..................<br>২৪ মার্চ ২০১৮ | ● সংগঠনের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে ২০১৭-২০১৯ মেয়াদের নির্বাহী পরিষদে নতুন দুই জন সদস্যকে (তামান্না খান পপি এবং খোদেজা খাতুন) কো-অপ্ট করার ক্ষেত্রে যে ত্রুটি-বিচ্যুতি ঘটেছে সে বিষয়ক সকল মীমাংসা করা হবে নির্বাহী পরিষদের আগামী বৈঠকে।<br>● ১৩ সদস্য বিশিষ্ট বর্তমান নির্বাহী পরিষদের তালিকাই মহিলা বিষয়ক অধিদপ্তরে জমা দেওয়া হবে, প্রয়োজনে পরবর্তীতে সংশোধনী দেওয়া হবে। এছাড়া, মাকসুদা বেগম ও ফরিদা ইয়াছমিন এই পরিষদে তাদের সদস্যপদ অব্যাহত রাখতে | |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | ……………… <br> ৭ জুলাই ২০১৮ | চান কিনা সে বিষয়ে তাদের সাথে যোগাযোগ করা হবে। <br> ……………………………………………… <br> ● নারীপক্ষ'র গঠণতান্ত্রিক নিয়মের পরিপন্থি বিধায় ২০১৭-২০১৯ মেয়াদের নির্বাহী পরিষদে কো-অপ্টকৃত নতুন দুই জন সদস্য (তামান্না খান পপি এবং খোদেজা খাতুন) থাকবেন না, অর্থাৎ সাধারণ সভায় নির্বাচিত ১১ জন সদস্যই থাকবেন, তবে এই পরিষদের সদস্য সংখ্যা ১৩ জন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অর্ধবেলার বিশেষ সাধারণ সভা করা হবে বার্ষিক আলোচনা সভা ২০১৮ এর সাথে। <br> ● পুনঃ সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত নারীপক্ষ'র আন্দোলন সম্পাদকের দায়িত্ব পালন করবেন বর্তমান নির্বাহী পরিষদ সদস্য ফরিদা ইয়াছমিন। | |
| **আগামী ২ বছরের জন্য নারীপক্ষ'র সংশোধিত বাজেট অনুমোদন** | ২৩ ডিসেম্বর ২০১৭ | জুলাই ২০১৭-জুন ২০১৯ পর্যন্ত (২৪ মাস) মোট ৬৯ লাখ ২২ হাজার ৩ শত ৯০ সংশোধিত বাজেট অনুমোদন করা হয়। এই বাজেটের ২য় বছরের ঘাটতি মোট ৭১৩,৫৫৫ টাকা ১ম বছরের বাজেট উদ্বৃত্ত ৩২১,৬১১ টাকা সমন্বয়ের পর প্রয়োজনীয় অতিরিক্ত ৩ লাখ ৯১ হাজার ৯ শত চুয়াল্লিশ টাকা আয়ের জন্য কর্মসূচি গ্রহণের উদ্যোগ নেওয়া হবে। নতুন প্রস্তাবনা "নারীপক্ষ'র সকল সহযোগী সংগঠন, সদস্য ও কর্মীদের উজ্জীবিত করার লক্ষ্যে সম্মেলন" বাবদ ১৫ লাখ টাকা সংযুক্ত করে বাজেট সংশোধন করা হবে। অতিরিক্ত এই টাকা কোন খাত থেকে বা কিভাবে সংগৃহীত হবে তা নির্ধারণ করতে হবে। | সম্মেলনটি অক্টোবর ২০১৮ অনুষ্ঠানের প্রস্তুতি চলছে। বাজেট কিছুটা বৃদ্ধি পেয়ে ২১ লাখ টাকা দাঁড়িয়েছে, জুলাই ২০১৮-জুন ২০১৯ বছরের রিভাইস বাজেটে অন্তর্ভুক্ত করা হবে। |
| **আগামী ২ বছরের (২০১৭-২০১৯) কর্মপরিকল্পনা অনুমোদন** | ২৩ ডিসেম্বর ২০১৭ | নারীপক্ষ'র আগামী ২ বছরের (২০১৭-২০১৯) কর্মপরিকল্পনা সংশোধনসহ অনুমোদন করা হয়। কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে সংশ্লিষ্ট সদস্যদের প্রত্যেককে নিজ নিজ দায়িত্ব জানিয়ে চিঠি দেওয়া হবে। | পরিকল্পনা অনুযায়ী কাজ চলছে এবং সংশ্লিষ্ট সদস্যদের স্ব-স্ব দায়িত্ব জানানো হচ্ছে। |
| **নারীপক্ষ'র সকল প্রকাশনা** (নারীপক্ষ'র ইতিহাস, প্রচারপত্র,পুস্তিকা, নাসরীন হক এর লেখা, গান, প্রামান্য চিত্র ইত্যাদি) **নিয়ে কাজ** | ২৩ ডিসেম্বর ২০১৭ <br> ……………… <br> ২৪ মার্চ ২০১৮ <br> …………… <br> ৭ জুলাই ২০১৮ | এই কর্যক্রমের আওতায় নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণের জন্য সদস্য ফজিলা বানু লিলি, তৃণা হক, শাহানাজ আহ্‌মেদ চন্দনা, রুবী গজনবী, অর্চনা বিশ্বাস, গীতা দাস এবং তামান্না খান পপি এর ভিডিও সাক্ষাৎকার গ্রহণ করা হবে। এরজন্য একটি ক্যামেরা ভাড়া নেওয়া হবে। <br> ……………………………………………… <br> রুবী গজনবীসহ আরো যেসকল সদস্যের ভিডিও সাক্ষাৎকার নেওয়া এখনো বাকী আছে তা নির্বাহী পরিষদের আগামী বৈঠকের পূর্বে (২৩ জুন ২০১৮) নেওয়া হবে, তবে গীতা দাস এর অসুস্থতা বিবেচনায় তার সাক্ষাৎকারটি আলাদাভাবে কোন সুবিধামতো দিন-ক্ষণে রেহানা সামদানী ও তামান্না খান তার বাসায় গিয়ে নেওয়ার ব্যবস্থা করবেন। <br> ……………………………………………… <br> রুবী গজনবীসহ আরো যেসকল সদস্যের ভিডিও সাক্ষাৎকার নেওয়া এখনো বাকী আছে তা ২০১৮ এর মধ্যে নেওয়া হবে। | এ পর্যন্ত ১৩ জন সদস্যের ভিডিও সাক্ষাৎকার নেওয়া হয়েছে, তালিকাভুক্ত অন্যান্য সদস্যদের সাক্ষাৎকার ২০১৮ এর মধ্যে নেওয়ার চেষ্টা করা হছে। এই খাতে আলাদা অর্থ বরাদ্দ না থাকায় নারীপক্ষ'র অন্য অনুষ্ঠানের জন্য ভাড়া নেওয়া ক্যামেরার মাধ্যমে এ পর্যন্ত সাক্ষাৎকারগুলো নেওয়া হয়েছে। কাজটি করছেন প্রচার সম্পাদক রেহানা সাদানী। |
| **"আন্দোলনের প্রসার** | ২৩ ডিসেম্বর | এই সম্মেলনটি ১৩-১৪ অক্টোবর ২০১৮, শনি ও রবিবার | সম্মেলনের তারিখ পরিবর্তন |

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>বৈঠকের তারিখ</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নের হালনাগাদ তথ্য</th></tr>
<tr><td>ঘটাতে নারীপক্ষ'র সকল সহযোগী সংগঠন, সদস্য ও কর্মীদের উজ্জীবিত করার লক্ষ্যে সম্মেলন” করা</td><td>২০১৭</td><td>অনুষ্ঠিত হবে। এর জন্য একটি থোক বাজেট (আনুমানিক ১৫ লাখ টাকার মধ্যে) এবং প্রস্তাবনা প্রস্তুত করে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে দেওয়া হবে।<br><u>সভা আয়োজনে ৫ সদস্য বিশিষ্ট কর্মদলের সদস্য থাকবেন:</u><br>● রীতা দাশ রায় (সমন্বয়কারী)<br>● রওশন আরা বেবী<br>● কামরুন নাহার<br>● সামিয়া আফরীন<br>● নাজমা বেগম।<br><br><u>সভার মূল আলোচ্য বিষয়:</u><br>● নারীর উপর সহিংসতা<br>● সাম্প্রদায়িক সম্প্রীতি (“মানুষ হবে অসাম্প্রদায়িক”)<br>● নারীর শরীর ও স্বাস্থ্য।<br><u>সভার স্থান:</u> বিয়াম মিলনায়তন/গণস্বাস্থ্য, সাভার।</td><td>করে ১২-১৩ অক্টোবর ২০১৮ করা হয়েছে। নামাকরণ হয়েছে ‘অক্টোবর সম্মেলন’।<br>সম্মেলনের পরিকল্পনা এবং সার্বিক প্রস্তুতি চলছে, আগামী সভার দ্বিতীয় অধিবেশনে এ বিষয়ে বিস্তারিত আলেচনা করা হবে।</td></tr>
<tr><td>বার্ষিক আলোচনা</td><td>২৩ ডিসেম্বর ২০১৭</td><td>নারীপক্ষ'র আগামী বার্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত হবে ৭-৮ সেপ্টেম্বর ২০১৮, শুক্র ও শনিবার।</td><td>৭ সেপ্টেম্বর ২০১৮ ‘দুর্বার নেটওয়ার্ক এর সাধারণ সভা থাকার কারণে তারিখ পরিবর্তন করে গতকাল ও আজ (২১-২২ সেপ্টেম্বর ২০১৮) করা হচ্ছে।</td></tr>
<tr><td>অনুতোষিক তহবিল এর লভ্যংশ এবং অব্যায়িত টাকা নারীপক্ষ'র তহবিলে স্থানান্তর</td><td>২৩ ডিসেম্বর ২০১৭</td><td>আনুতোষিক তহবিলের লভ্যাংশ ৫ লাখ ৪১ হাজার ৬ শত ২ টাকা এবং ‘দুর্বার নেটওয়ার্ক’ প্রকল্প কর্মীদের আনুতোষিকের অব্যায়িত ১৩ হাজার তিনশত ৫৯ টাকা নিরীক্ষকের সাথে পরামর্শ সাপেক্ষে নারীপক্ষ'র তহবিলে স্থানান্তর করা হবে।</td><td>এই বৈঠকের পরে চারজন কর্মীকে তাদের আনুতোষিকের টাকা দিতে হয়েছে। বাকী টাকা স্থায়ী আমানত হিসাবে আছে, মেয়াদ পূর্ণ হলে সেটি ভাঙ্গিয়ে নারীপক্ষ'র তহবিলে স্থানান্তর করা হবে।</td></tr>
<tr><td>‘৭১ এর যে নারীদের ভুলেছি’ কর্মসূচি</td><td>২৩ ডিসেম্বর ২০১৭<br><br>................<br>২৪ মার্চ ২০১৮</td><td>● এই কর্মসূচির আওতায় গবেষণা কাজের জন্য তহবিল সংগ্রহ করতে যে খসড়া বাজেটটি প্রস্তুত হয়েছে সেটি কর্মসূচির সমন্বয়কারী ফিরদৌস আজীম এবং কর্মদল সদস্য রেহানা সামদানী চূড়ান্ত করে এক্সিম ব্যাংকে জমা দেবেন।<br>● এটিএন বাংলা থেকে বীরাঙ্গনা রাজুবালার সাক্ষাৎকারের ক্লিপটি সংগ্রহ করা হবে।<br>● প্রচার সম্পাদক রেহানা সামদানী এর কাছে যে পাঁচজন বীরাঙ্গনার ভিডিও সাক্ষাৎকার নেওয়া আছে তাঁদের অনুমতি সাপেক্ষে তা নারীপক্ষ'র ওয়েবসাইটে আপলোড করা হবে।<br>..................................................<br>এই কর্মসূচির আওতায় যে পাঁচজন বীরাঙ্গনার ভিডিও সাক্ষাৎকার নেওয়া হয়েছিল তার মূল কপি সংগ্রহের জন্য ভিডিও ধারণকারীর সাথে যোগাযোগ করা হবে।</td><td>● বাজেট এখনো জমা দেওয়া হয়নি। বীরাঙ্গনাদের নিয়ে একটি ছবি নির্মানের পরিকল্পনা করা হচ্ছে। এরজন্য ৪৫ লাখ টাকার একটি বাজেট নিয়ে ব্র্যাক ব্যাংকের সাথে যোগাযোগ চলছে।<br>● বীরাঙ্গনা রাজুবালার সাক্ষাৎকারের ক্লিপটি সংগ্রহ করা যায়নি।<br><br>● পাঁচটি সাক্ষাৎকারের একটি সম্পাদনা করা হয়েছে, যা ১৮ মিনিটে দাঁড়িয়েছে। এই সাক্ষাৎকার আপলোড করার মতো জায়গা নারীপক্ষ'র ওয়েবসাইটে নেই, সেক্ষেত্রে সাক্ষাৎকারগুলো যেভাবে আছে সেভাবেই সংরক্ষণ করা</td></tr>
</table>

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | | এবং ওয়েবসাইটের জন্য সবগুলো সাক্ষাৎকার থেকে একেবারেই সংক্ষিপ্ত করে তিন মিনিটের ছোট্ট একটি ক্লিপ প্রস্তুত করার চিন্তা করা হচ্ছে। |
| "আমার গল্প" নামে বেতার নাটক তৈরির প্রস্তুতি কর্মসূচি | ২৩ ডিসেম্বর ২০১৭ | 'দৃক' এর মাধ্যমে কমোনওয়েল্থ রাইটার্স ফাউন্ডেশন- এর অর্থায়নে বিভিন্ন নারীর জীবনের উল্লেখযোগ্য ঘটনা নিয়ে "আমার গল্প" নামে বেতার নাটক তৈরির প্রস্তুতি কর্মসূচির প্রথম অংশের কাজটির জন্য দৃক এর সাথে নারীপক্ষ'র MOUটি অতি দ্রুত স্বাক্ষর করিয়ে আনা হবে। | MOUটি স্বাক্ষর হয়েছে। |
| | .............. ২৪ মার্চ ২০১৮ | ........................................................ কমোনওয়েল্থ রাইটার্স ফাউন্ডেশন- এর অর্থায়নে বিভিন্ন নারীর জীবনের উল্লেখযোগ্য ঘটনা নিয়ে "আমার গল্প" নামে বেতার নাটক তৈরির দ্বিতীয় অংশের কাজের জন্য নারীপক্ষ থেকে কে দায়িত্বে থাকবেন সে বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী (৩১/০৩/১৮) বৈঠকে আলোচনা করা হবে। এজন্য সংশ্লিষ্ট সদস্য সাফিয়া আজীমকে ঐ বৈঠকে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হবে। | দ্বিতীয় অংশের কাজের তহবিল সংগ্রহের জন্য দৃক মন্ত্রণালয়সহ বিভিন্ন জায়গায় যোগাযোগ করেছে কিন্তু পাওয়া যায়নি বিধায় এখন কাজটি করা হচ্ছে না। |
| শাফিনাজ করিম এর অনুদানের টাকা দিয়ে স্থায়ী আমানত খোলা | ২৩ ডিসেম্বর ২০১৭ | "নারীর লড়াই" শীর্ষক একটি তহবিল গঠনের প্রথম পদক্ষেপ হিসেবে শিরীন হক এর বন্ধু শাফিনাজ করিম এর নারীপক্ষ'কে দেওয়া পাঁচ লাখ টাকা অনুদান দিয়ে সমবায় ব্যাংকে ছয়মাস মেয়াদী স্থায়ী আমানত খোলা হবে। এই হিসাব এর স্বাক্ষরকারী হবেন তামান্না খান, শিরীন হক, রেহানা সামদানী। | শিরীন হক আরো এক লাখ টাকা সংগ্রহ করে দিয়েছেন। মাহীন সুলতান নিজে দশ হাজার টাকা দিয়েছেন। নারীপক্ষ'র অন্যান্য সদস্যরাও যাতে তাদের বন্ধু-শুভানুধ্যায়ীদের কাছ থেকে অনুদান সংগ্রহ করেন সে বিষয়ে অনুরোধ জানিয়ে সভানেত্রী সকল সদস্যকে ই-মেইল পাঠিয়েছেন। |
| | .............. ২৪ মার্চ ২০১৮ | .................................................. শাফিনাজ করিম এর দেওয়া অনুদানের টাকা (পাঁচ লাখ) দিয়ে যে স্থায়ী আমানতটি খোলা হবে তার নাম হবে 'লড়াকু নারী'। এই তহবিলের ব্যবহার সংক্রান্ত কমিটির সদস্য থাকবেন ইউ এম হাবিবুন নেসা, রাশিদা হোসেন, নাজমা বেগম, খোদেজা খাতুন এবং সভানেত্রী অর্চনা বিশ্বাস।<br>এই তহবিলের জন্য আরো পাঁচ লাখ টাকা অনুদান সংগ্রহ করে মোট দশ লাখ টাকা দিয়ে উক্ত হিসাবটি খোলা হবে। তাই, নারীপক্ষ'র অন্যান্য সদস্যরাও যাতে তাদের বন্ধু-শুভানুধ্যায়ীদের কাছ থেকে এই তহবিলের জন্য অনুদান সংগ্রহ করেন সে বিষয়ে অনুরোধ জানিয়ে সভানেত্রীর নামে সকল সদস্যকে একটি ই-মেইল পাঠানো হবে। | |
| নারীপক্ষ থেকে দেওয়া চিঠির ফলো-আপ | ২৩ ডিসেম্বর ২০১৭ | নারীর উপর নির্যাতন, সহিংসতা, ধর্ষণ, ইত্যাদি ঘটনায় সংশ্লিষ্ট এলাকার সংসদ সদস্য, স্থানীয় পুলিশ ও প্রশাসনকে নারীপক্ষ থেকে দেওয়া চিঠির ফলো-আপ করা হবে। | নিয়মিত ফলো-আপ এবং হালনাগাদ তথ্য লিখিতভাবে সংরক্ষণ করা হচ্ছে। |
| নতুন দুইটি প্রকল্প- 'নিরাপদ গর্ভপাত' বিষয়ক এ্যাডভোকেসি এবং 'আইসিপিডি+২৫' অনুমোদন | ২৩ ডিসেম্বর ২০১৭ | দাতা সংস্থা RFSU- এর অর্থ সহায়তায় আঞ্চলিক সমন্বয়কারী সংস্থা ARROW এর সাথে **'নিরাপদ গর্ভপাত'** বিষয়ক এ্যাডভোকেসি প্রকল্প এবং ARROW এর আর্থিক সহায়তায় **'আইসিপিডি+২৫'** প্রকল্প বাস্তবায়নের অনুমোদন দেওয়া হলো, সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। | প্রকল্প দুইটির সফল বাস্তবায়ন চলছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **সিমিন মাহমুদ এর মৃত্যুতে শোকবার্তা প্রদান ও স্মরণসভা করা** | ২৪ মার্চ ২০১৮ | বিশিষ্ট গবেষক, নারীপক্ষ'র একান্ত বন্ধু ও শুভানুধ্যায়ী সিমিন মাহমুদ এর মৃত্যুতে শোক জানিয়ে নারীপক্ষ থেকে তাঁর স্বামীকে একটি চিঠি দেওয়া হবে। এছাড়া, তাঁর স্বামী, ভাই-বোন ও পরিবার-পরিজনদের নিয়ে নারীপক্ষ কার্যালয়ে একটি ঘরোয়া স্মরণসভা করা হবে। | সিমিন মাহমুদ এর স্বামী এবং দায়িত্বপ্রাপ্ত সদস্য তামান্না খান দেশে ফিরে আসার পরে স্মরণসভার তারিখ নির্ধারণ করা হবে। |
| **"সহিংসতা প্রতিরোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনির্মাণ" বিষয়ক কার্যক্রম সম্পর্কিত তথ্য সংগ্রহ** | ২৪ মার্চ ২০১৮<br>................<br>৭ জুলাই ২০১৮ | নারীপক্ষ'র **'নারীর প্রতি সহিংসতা রোধ ও নারীর মানবাধিকার প্রতিষ্ঠা'** বিষয়ক কার্যক্রমের আওতায় 'নারীর প্রতি সহিংসতা মোকাবিলা' প্রকল্প কর্ম এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে **"সহিংসতা প্রতিরোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনির্মাণ"** এর লক্ষ্যে চলমান কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য একটি ছক প্রস্তুত করা হবে। এই ছক প্রস্তুতে সহযোগিতা করবেন ইউএম হাবিবুন নেসা।<br>......................................................<br>সংগৃহীত তথ্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন নির্বাহী পরিষদের আগামী বৈঠকে দেওয়া হবে। মঙ্গলবারের সভা/বৈঠক, কর্মী বৈঠক ও কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকসমূহেও এই তথ্য জানানো হবে। | নতুন ছক প্রস্তুত হয়নি, পুরাতন ছকেই তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা হচ্ছে।<br>...............................<br>এরপর নির্বাহী পরিষদের আর কোন বৈঠক হয়নি। |
| **প্রয়াত সদস্যদের স্মরণ কর্মসূচি** | ২৪ মার্চ ২০১৮ | ২৬ নভেম্বর ২০১৬ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ বৈঠকে সিদ্ধান্ত হয়, **বছরের কোন একটি নির্দিষ্ট দিনে নারীপক্ষ'র সকল প্রয়াত সদস্যের জন্য আনুষ্ঠানিক স্মরণ অনুষ্ঠান করা হবে। ঢাকার বাইরের সদস্যরাও যাতে উপস্থিত থাকতে পারেন সে জন্য নারীপক্ষ'র বার্ষিক আলোচনা/দ্বি-বার্ষিক সাধারণ সভার আগের দিন বা পরের দিন এটি করা যেতে পারে।** ২৮ অক্টোবর ২০১৭ অনুষ্ঠিত দ্বি-বার্ষিক সাধারণ সভায় সিদ্ধান্ত হয়, নাসরীন **হক এর স্মরণ অনুষ্ঠানটি পূর্বের মতোই আলাদাভাবে করা হবে এবং প্রতি তিন বছর পর পর বড় করে পালন করা হবে।** – এই সিদ্ধান্ত দুইটি সকল সদস্যকে জানানো এবং প্রশাসন বিভাগের নির্দেশনা ফাইলে রাখা হবে। | |
| **নারীপক্ষ পরিচালিত স্বল্পকালীন কার্যক্রম/কর্মসূচি সম্পর্কে উপস্থাপনা প্রস্তুত** | ২৪ মার্চ ২০১৮<br>................<br>৭ জুলাই ২০১৮ | নারীপক্ষ'র মূল কর্মক্ষেত্রগুলোর মধ্যে **"নারীর স্বাস্থ্য ও প্রজনন অধিকার"** এর আওতায় গত দুই বছরে স্বল্পকালীন যেসকল ছোট ছোট প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে বা হচ্ছে সেগুলো থেকে আন্দোলনের ইস্যু খুঁজে বের করা এবং কবে, কখন, কিভাবে সেগুলো নিয়ে কাজ করা যাবে সে সংক্রান্ত উপস্থাপনা প্রস্তুত কাজটির সমন্বয়কের দায়িত্ব পালন করবেন সামিয়া আফরীন।<br>.................................................<br>উক্ত বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী ১৪ জুলাই ২০১৮ বৈঠকে এটি উপস্থাপন করা হবে। | কাজটি এখনো হয়নি। |
| **সভা/বৈঠকসমূহে কোরাম পূরণের ক্ষেত্রে সদস্যদের অনলাইন অংশগ্রহণ** | ২৪ মার্চ ২০১৮ | নারীপক্ষ'র যেসকল সভা/বৈঠকে কোরাম পূরণের বিষয় নেই সেইসকল সভা/বৈঠকে সদস্যগণ দেশের বাইরে অবস্থানকালে অনলাইনে অংশগ্রহণ করতে পারবেন। | |
| **দুর্নীতি দমন নীতিমালার বাংলা অনুবাদ চূড়ান্ত করা** | ২৪ মার্চ ২০১৮<br>................<br>৭ জুলাই ২০১৮ | নারীপক্ষ'র দুর্নীতি দমন নীতিমালার বাংলা অনুবাদটি চূড়ান্তভাবে দেখে দিবেন রাশিদা হোসেন।<br>............................................<br>নারীপক্ষ'র দুর্নীতি দমন নীতিমালার বাংলা অনুবাদটি পুনরায় একজন ভালো বাংলা ও ইংরেজী জানা লোককে দিয়ে করানো হবে। এর জন্য ফারাহ্ গজনবী/মাহমুদল/সাজ্ঞিদা আক্তার এর সাথে যোগাযোগ | রাশিদা হোসেন দেখে দিয়েছেন, তার কাছে এটি সহজ ও সাবলীল মনে হয়নি।<br>..............................<br>বাংলা অনুবাদটি পুনরায় নারীপক্ষ'র বাইরের একজনকে দিয়ে করানো হয়েছে, চূড়ান্ত |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | করা হবে। | হলে বার্ষিক আলোচনা সভা ২০১৮ এ উপস্থাপন করার চিন্তা আছে। |
| সিডও বাস্তবায়ন বিষয়ক কর্মশালা | ২৪ মার্চ ২০১৮<br>.................<br>৭ জুলাই ২০১৮ | International Women's Rights Action Watch Asia Pacific (IWRAW Asia Pacific)- এর অর্থায়নে সিডও এর ১৫ নং ধারা বাস্তবায়নে নারী শ্রমিকের কর্মপরিবেশ, বিশেষ করে তৈরিপোশাক খাতে কাজ করতে কর্মজীবী নারী ও নারীপক্ষ'র উদ্যোগে যে কর্মশালাটি করার প্রস্তাব এসেছে এরজন্য অর্থ বরাদ্দ কম (মোট ১ লাখ ১৪ হাজার টাকা মাত্র) এবং সময়স্বল্পতা (এপ্রিল ২০১৮ এর মধ্যে) বিবেচনায় সেটি আয়োজনের দায়িত্ব নারীপক্ষ নেবে না, তবে কর্মশালা আয়োজনে কর্মজবী নারীকে সহযোগিতা করবে।<br>.........................................................<br>সিডও এর ১৫ নং ধারা বাস্তবায়নে নারী শ্রমিকের কর্মপরিবেশ, বিশেষ করে আরএমজি সেক্টরে কাজ করতে 'কর্মজীবী নারী' এনজিও বিষয়ক ব্যুরো থেকে যে অনুমোদন নিয়েছে তার কোন নথিপত্রে নারীপক্ষ'র নাম থেকে থাকলে তা প্রত্যাহারের জন্য কর্মজীবী নারীকে চিঠি দেওয়া হবে, কারণ এই কাজের সাথে নারীপক্ষ যুক্ত থাকছে না। প্রয়োজনে নারীপক্ষ নিজে এনজিও বিষয়ক ব্যুরোকে চিঠি দেবে। দাতা সংস্থা IWRAW Asia Pacific- কেও চিঠি দিয়ে বিষয়টি জানানো হবে। | 'কর্মজীবী নারী' এর আয়োজনে কর্মশালাটি হয়েছে। ব্যানারসহ বিভিন্ন ডকুমেন্টে তারা নারীপক্ষ'র লোগো ব্যবহার করেছে, আর কোন কিছুরই অংশীদার করেনি বা জানায়নি। এ কারণে পরবর্তীতে আর নারীপক্ষ'র লোগো ব্যবহার না করতে বলা হয়েছে। কর্মশালায় নারীপক্ষ থেকে কামরুন নাহার ও নাজমা বেগম গিয়েছেন। তাদেরকে তাৎক্ষণিকভাবে আলোচনা করতে দেওয়া হয়েছে কিন্তু আগে থেকে এ বিষয়ে কিছু জানায়নি বিধায় প্রস্তুতি নেওয়ার সুযোগ হয়নি। IWRAW Asia Pacific- কে এই সার্বিক বিষয় সম্পর্কে মৌখিকভাবে জানানো হয়েছে।<br>.............................<br>'কর্মজীবী নারী' জানিয়েছে, এনজিও বিষয়ক ব্যুরো থেকে যে অনুমোদন নিয়েছে তার কোন নথিপত্রে নারীপক্ষ'র নাম নেই। |
| নারীপক্ষ'র সদস্য-কর্মীদের 'নারীস্বাস্থ্য' পরীক্ষা বিষয়ক কার্যক্রম | ৭ জুলাই ২০১৮ | নারীপক্ষ'র সদস্য-কর্মীদের 'নারীস্বাস্থ্য' যেমন: ভায়া পরীক্ষা, স্তন ক্যান্সার/সিস্ট, ইত্যাদি নিয়মিত পরীক্ষা করা বা ফলো-আপে রাখা বিষয়ক কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করবেন নারীবান্ধব হাসপাতাল কর্মসূচি'র কর্মী লাভলী ইয়াসমিন। | লাভলী ইয়াসমিন দায়িত্ব পালন করছেন। |
| নির্বাহী পরিষদ বৈঠকের সময়সূচি | ৭ জুলাই ২০১৮ | এখন থেকে নির্বাহী পরিষদ বৈঠকের সময়সূচি হবে সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। নির্ধরিত সময়ে বৈঠক শুরু করা হবে। আলোচ্য বিষয়সমূহের সিদ্ধান্ত গ্রহণ কোরাম পূরণসাপেক্ষে হবে। | এরপর নির্বাহী পরিষদের আর কোন বৈঠক হয়নি। |
| সাধারণ সভায় সদস্যদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষে করণীয় | ৭ জুলাই ২০১৮ | সদস্যদের অংশগ্রহণ বাড়ানোর উদ্দেশ্যে নারীপক্ষ'র আগামী সাধারণ সভাটি পরীক্ষামূলকভাবে Live stream করা হবে এবং যাদের পক্ষে শারীরিকভাবে উপস্থিত হওয়া সম্ভব হবে না তারা আগেভাগে প্রশাসনকে জানিয়ে এই সভায় অংশগ্রহণের সুযোগ নিতে পারবেন, তবে, কমপক্ষে একতৃতীয়াংশ সদস্য সশরীরে উপস্থিত থাকতে হবে। | আগামী সাধারণ সভায় করা হবে। |
| কর্মদিবসে অফিস ছুটি | ৭ জুলাই ২০১৮ | কোন কর্মদিবসে নারীপক্ষ অফিস সম্পূর্ণ ছুটি দেওয়া যাবে না। | সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে। |
| কর্মীর আনুতোষিক | ৭ জুলাই ২০১৮ | • নারীপক্ষ'র সকল কর্মী (প্রকল্প+সাংগঠনিক) চাকুরীর মেয়াদ শেষান্তে তার আনুতোষিক পাবেন। বিরতিহীন সকল কর্মীর ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য | • সিদ্ধন্ত কার্যকর বাস্তবায়ন হচ্ছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | হবে। প্রকল্পসমূহের দাতা সংস্থার সাথে সেইভাবে নেগোসিয়েশন করতে হবে যে এটিই নারীপক্ষ'র সাংগঠনিক নিয়ম এবং প্রকল্প বাজেটও সেভাবেই করতে হবে। বর্তমানে যেসকল প্রকল্পকর্মীকে প্রতিমাসের বেতনের সাথে তাদের আনুতোষিক দেওয়া হচ্ছে তাদেরকেও আর এভাবে না দিয়ে তা আনুতোষিক তহবিলে জমা রাখা হবে।<br>• কর্মীর আনুতোষিকের নমিনীর নাম, ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মোট টাকার শতকরা কত অংশ দিতে চান তা লিখিতভাবে দেওয়ার জন্য কর্মীদের একটি নোটিশ দেওয়া হবে। | • কর্মীদের নোটিশ দেওয়া হয়েছে কিন্তু এযাবত কেউ এই তথ্য জমা দেয় নাই। |
| 'অতিরিক্ত দায়িত্বপালন ভাতা' | ৭ জুলাই ২০১৮ | নারীপক্ষ'র আর্থিক উপার্জন হয় এমন কোন কাজের জন্য কোন কর্মী অতিরিক্ত দায়িত্বপালন করলে তাকে 'অতিরিক্ত দায়িত্বপালন ভাতা' দেওয়া হবে। কর্মীর প্রতি কর্মঘন্টার মোট বেতনের সাথে ২৫% যুক্ত করে এই ভাতার পরিমান নির্ধারণ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়ন চলছে। |
| নারীপক্ষ'র বেতনকাঠামো | ৭ জুলাই ২০১৮ | ১. নারীপক্ষ'র বেতনকাঠামোতে ২০টি ধাপ থাকবে, তবে, পূর্বের ১-৫ নং ধাপ বাদ দিয়ে ৬ নং ধাপকে ১ নং ধাপ করে সামনের দিকে ৫টি ধাপ বাড়িয়ে মোট ২০টি ধাপ রাখা হবে<br>২. পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তার বেতনের স্তর হবে 'তৃতীয়'।<br>৩. 'সমন্বয়কারী' শব্দটি বাদ যাবে<br>৪. বর্তমানে দেয় কোলা সমন্বয় করে যে শতকরা হার প্রস্তাব করা হয়েছে সেই হারে কর্মীর বেতন বৃদ্ধি করা হবে, তবে নির্বাহী পরিষদের ইতিপূর্বের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি তিন বছর পর পর হিসেবে এই বেতন বৃদ্ধি জুলাই ২০১৭ থেকে করার কথা থাকলেও আজকের (৭/০৭/১৮) বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ১ জুলাই ২০১৮ থেকে কার্যকর হবে। | ১ জুলাই ২০১৮ থেকে কার্যকর হয়েছে। |
| নতুন প্রকল্প প্রস্তাবনা:<br>১. 'নারীর জন্য মানবিক সহায়তা ও নেতৃত্ব বিকাশ' বিষয়ক গবেষণা কাজের জন্য প্রকল্প প্রস্তাবনা<br>২. নার্সদের রোগীবান্ধব করা বিষয়ক কাজ | ৭ জুলাই ২০১৮ | ১. অক্সফাম- ইউএস বাংলাদেশে **'নারীর জন্য মানবিক সহায়তা ও নেতৃত্ব'** বিষয়ক একটি গবেষণা কাজের জন্য নারীপক্ষ'র কাছে যে প্রকল্প প্রস্তাবনা আহ্বান করেছে সে বিষয়ে প্রকল্প সম্পাদক রীতা দাশ রায়, সদস্য ফজিলা বানু লিলি ও নাজনীন আখতার এর সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। | ১.প্রকল্প বাস্তবায়ন সময় খুই কম (জুলাই ২০১৮ - মার্চ ২০১৯) এবং প্রতিবেদন শেষ করতে হবে সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে। এই সময়ে 'প্রকল্প সমন্বয়কারী'র দায়িত্ব নেওয়ার মতো উপযুক্ত কাউকে পাওয়া যায়নি, -এসকল বিবেচনায় প্রস্তাবনা জমা দেওয়া হয়নি। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | ২. কানাডিয়ান সংস্থা cowater এর অর্থ সহায়তায় HUMAN RESOURCES FOR HEALTH in BANGLADESH- 'নার্সদের রোগীবান্ধব করা' এবং ক্ষমতায়িত করা বিষয়ক কাজে নারীপক্ষ'কে পার্টনার হওয়ার যে মৌখিক প্রস্তাব দিয়েছে সেটি করা যেতে পারে, তবে এই বিষয়ক লিখিত ডকুমেন্টসমূহ পাওয়ার পরে সেগুলো ভালো করে দেখে সিদ্ধান্ত নেওয়া হবে। | ২. লিখিত ডকুমেন্টস পাওয়া গেছে। প্রকল্পটি বাস্তবায়নে দ্বিপাক্ষিক আলোচনা চলছে। |

### (ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক :

প্রতিবেদন কালে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির মোট ১৮ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

### (ঙ) ব্যবস্থাপনা বৈঠক :

প্রতিবেদন সময়ে ১টি ব্যবস্থাপনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে (২৩ পৌষ ১৪২৪/৬ জানুয়ারী ২০১৮)। বৈঠকের আলোচনা নিম্নরূপ:
সভায় উপস্থিত ছিলেন - রেহানা সামদানী- প্রচার সম্পাদক, নাজমা বেগম-কোষাধ্যক্ষ, সায়েমা হাসনীন-ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন, রওশন আরা- প্রকল্প পরিচালক, সজাগ, সামিয়া আফরীন-সদস্য-নারীপক্ষ, জাহানারা খাতুন ও নাজনীন সুলতানা - সহঃ প্রকল্প ব্যবস্থাপক, নারীবান্ধব হাসপাতাল কর্মসুচি।
সভার শুরুতেই রেহানা সামদানী বলেন, আগামী ২ বছরের জন্য যেহেতু সভানেত্রী ঢাকার বাইরের করা হয়েছে সেহেতু গত ২ বছরে কোন কোন বিষয়ে ঘাটতি ছিল সেগুলো যেন আগামীতে না হয় সেজন্য ব্যবস্থাপনার কাজগুলোকে সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আজকের সভার আয়োজন।

**সভার প্রস্তাব/সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ**

- তাৎক্ষনিক কোন চিঠিপত্র স্বাক্ষর করতে হলে সভানেত্রীর সাথে ফোনে কথা বলতে হবে এবং ই-মেইলে জানাতে হবে। পরবর্তীতে তিনি যাকে স্বাক্ষর করতে বলবেন তার স্বাক্ষর নিয়ে চিঠি পাঠাতে হবে। যোগাযোগের দায়িত্বঃ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সাংগঠনিক হলে - সায়েমা হাসনীন-ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন। উল্লেখ্য, সভানেত্রীর সংগঠনে মেইল চেক করার জন্য ১জন কর্মী রয়েছেন। প্রয়োজনে তার সাথেও যোগাযোগ করা যেতে পারে
- কেন্দ্রীয় সমন্বয়কারী সভার সিদ্ধান্ত অনুযায়ী কার কি কাজ সেটি মনে করিয়ে দিতে হবে। যাতে করে পরবর্তী সমন্বয় সভায় কোন গ্যাপ না থাকে। দায়িত্ব- মনীষা মজুমদার, ডকুমেন্টেশন কর্মকর্তা
- নারীপক্ষ-এ কর্মরত সকল কর্মী বিগত বছরের মূল্যয়নের ১ বছর পূর্ন হওয়ার ৭ দিনের মধ্যে নিজ নিজ মূল্যায়ন ফরম পুরুণ করে প্রশাসন বিভাগে জমা দিবে। পরবর্তীতে প্রশাসন থেকে ৩০ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মীর ক্ষেত্রে যাদের রাখতে হবে তাদের সাথে সমন্বয় করে মূল্যয়নের কাজটি সম্পাদন করবে। দায়িত্ব- সায়েমা হাসনীন, ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন
- সায়েমা হাসনীন, ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন এর মূল্যয়নের তারিখ- ১৩ জানুয়ারী ২০১৮, সময়- ১০:০০। মূল্যয়ন কমিটিঃ রেহানা সামদানী, নাজমা বেগম ও রীতা দাশ রায়
- হিসাব ম্যানুয়াল হালনাগাদ করার বিষয়ে নারীপক্ষ'র বিভিন্ন বৈঠকে বিভিন্ন সময়ে যেসকল সিদ্ধান্ত হয়েছে সেগুলো ম্যানুয়ালের সাথে সংযুক্ত করে রাখা হয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে অডিটর ও দাতা সংস্থাগুলোও মতামত দিয়েছে। উপরোক্ত মতামতগুলোর প্রেক্ষিতে হিসাব ম্যানুয়াল হালনাগাদ করার সিদ্ধান্ত নেয়া হয়। তারিখ ও সময়ঃ ১৭ ফেব্রুয়ারী, সকাল ১১:০০
- হিসাব ম্যানুয়াল অনুযায়ী মাঠ পরিদর্শন এবং অন্যান্য খরচের ক্ষেত্রে বিল ভাউচারের সাথে কি কি কাগজ জমা দিতে হবে সে বিষয়ে কর্মরত সকল কর্মীদের সাথে অর্ধদিবস একটি আলোচনা করা যেতে পারে। দায়িত্বঃ সায়েমা হাসনীন, ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন ও হিসাব বিভাগের কর্মীবৃন্দ
- মাঠ পরিদর্শনে কর্মীদের খাবার খরচ ২০১৬ সালে করা হয়েছে ৬২৫/- টাকা। কিন্ত বর্তমানে উল্লেখিত টাকার প্রায় সব যায়গায়ই অতিরিক্ত খরচ হয়। বিশেষ করে সিলেট, কক্সবাজার, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সার্বিক তথ্যসহ আগামী সমন্বয়ের আলোচ্যসুচিতে দিতে হবে। দায়িত্বঃ বর্তমানে চলমান প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ
- প্রকল্প পরিচালকদের মাঠ পরিদর্শন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র (ভ্রমন অনুমোদন, বাজেট এবং গাড়ী ভাড়া) নিয়ম অনুযায়ী সভানেত্রী স্বাক্ষর করতেন। কিন্ত বর্তমানে সভানেত্রী ঢাকার বাইরে থাকায় উপরোক্ত কাগজপত্র স্বাক্ষরের জন্য প্রকল্প সম্পাদক এর নাম প্রস্তাব করা হয়
- নারীপক্ষ থেকে পাঠানো যে কোন প্রস্তাবনা ও বাজেটের (বড় ও ছোট প্রস্তাবনা) তথ্য অবশ্যই ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসনে জানাতে হবে এবং বাজেটের বিষয়টি অবশ্যই তার মাধ্যমে পাঠানো হবে। জরুরী কোন বাজেটও ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন না হয়ে যাবেনা। যদি নিয়মের ব্যতিক্রম হয় তাহলে তিনি তৎক্ষনাত সভানেত্রী ও ৩ সম্পাদককে (আন্দোলন, প্রকল্প ও প্রচার) জানাবেন

- সভানেত্রীর জন্য নারীপক্ষ'র অনুমোদিত সকল বাজেট ও তথ্য সম্বলিত ১টি ফাইল করতে হবে। দায়িত্ব: সায়েমা হাসনীন, ব্যবস্থাপক-হিসাব ও প্রশাসন তাকে সহযোগিতা করবে- আজাদ হোসেন, সহ:ডকুমেন্টেশন ও তথ্য প্রযুক্তি কর্মকর্তা

**(চ) কর্মী বৈঠক :**

প্রতিবেদন কালে ২টি কর্মী বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

**(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠকঃ**

প্রতিবেদন কালে ক্রয় বিক্রয় কমিটির ৫টি (৩ ভাদ্র ১৪২৫/১৮ আগস্ট ২০১৮, ৯ শ্রাবণ ১৪২৫/২৪ জুলাই ২০১৮, ৩০ ফাল্গুন ১৪২৫/১৪ মার্চ ২০১৮, ১ মাঘ ১৪২৪/ ১৪ জানুয়ারি ২০১৮ ও ৩ কার্তিক ১৪২৪/ ১৮ অক্টোবর ২০১৭) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| **আলোচ্য বিষয়** | **বৈঠকের তারিখ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন অবস্থা** |
|---|---|---|---|
| নিরীক্ষা কোং নিয়োগ | ৩ ভাদ্র ১৪২৫/১৮ আগস্ট ২০১৮ | নারীপক্ষ'র ২০১৭-২০১৮ সালের নিরীক্ষা কাজরে জন্য ৩টি কোং থেকে দরপত্র আহ্বান করা হয়। এদের মধ্যে ছিল পিনাকী এন্ড কোং, আশরাফ উদ্দিন এন্ডং কোং এবং শাহাদত এন্ডং কোং। সর্বনিম্ন দরদাতা শাহাদত এন্ডং কোং কিন্তু এদের সাথে কাজর অভিজ্ঞতা নেই। দ্বিতীয় সর্বনিম্ন হচ্ছে পিনাকী এন্ড কাং, এদের সাথে পূর্বে কাজের অভিজ্ঞতা আছে। বিষয়টি রাশিদা হোসেন-এর মতামত নিয়ে চুড়ান্ত করতে হবে। | পিনাকী এন্ড কাং কে দিয়ে নিরীক্ষা কাজ করানো হচ্ছে। |
| লিফলেট মুদ্রণ | ৯ শ্রাবণ ১৪২৫/২৪ জুলাই ২০১৮ | বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। বিবরণ অনুযায়ী লিফলেট মুদ্রণের জন্য ৩টি মুদ্রণ প্রতিষ্ঠান দরপত্র প্রেরণ করে। যেহেতু লিফলেটটি ডিজাইন সহ প্রিন্ট করতে হবে, সেহেতু জার্নিম্যান এর দর বেশী হওয়া সত্ত্বেও জার্নিম্যানকে কার্যাদেশ দেওয়ার সুপারিশ করা হয় কারণ জার্নিম্যানের সাথে কাজের পূর্ব অভিজ্ঞতা আছে এবং নারীপক্ষ'র চাহিদা অনুযায়ী পছন্দমত ডিজাইনের কাজটি দক্ষতার সাথে সম্পন্ন করতে পারে। | জার্নিম্যান থেকে ১৫ হাজার লিফলেট মুদ্রণ করা হয়েছে। |
| ফটোকপিয়ার মেরামত | ৯ শ্রাবণ ১৪২৫/২৪ জুলাই ২০১৮ | ফটোকপিয়ারের ড্রাম, ডেভলপার, টোনার সাপ্লাই ও অন্যান্য খুচরা যন্ত্রাংশ পরিবর্তন করার জন্য ১৮৫০০/- টাকার প্রয়োজন হবে বলে জানায়। ক্রয় বিক্রয় কমিটি থেকে সোল ডিস্টিবিউটর থেকে খুচরা যন্ত্রাংশগুলি পরিবর্তন করে মেরামত করার জন্য সুপারিশ করেন। | রিকো ফটোকপিয়ারের সোল ডিস্টিবিউটর স্মার্ট থেকে মেরামত করা হয়েছে। |
| স্টেশনারী ক্রয় | ৯ শ্রাবণ ১৪২৫/২৪ জুলাই ২০১৮ | নারীপক্ষ সহ সকল প্রকল্পের স্টেশনারী ক্রয়ের জন্য ২টি প্রতিষ্ঠান থেকে দরপত্র আনা হয়। লিখন আইটি ও পেপার টাচ, ২টি কোম্পানীর মধ্যে দরের সামঞ্জস্য রয়েছে। মোট ১৯টি আইটেমের দরের মধ্যে পেটার টাচ সর্বনিম্ন। ক্রয় বিক্রয় কমিটি পেপার টাচকে সার্যাদেশ দিতে সুপারিশ করেন। | পেপার টাচ থেকে স্টেশনারী ক্রয় করা হয়েছে। |
| ল্যাপটপ ক্রয় | ৩০ ফাল্গুন ১৪২৫/১৪ মার্চ ২০১৮ | Initiative to End Gender-Based Violence in the Garment Industry (সজাগ) প্রকল্পের ল্যাপটপ ক্রয়ের জন্য এইচপি ও আসুস দুইটি ল্যাপটপের কোটেশন আনা হয়। মোট ৩টি কোম্পানী থেকে কোটেশন আনা হয়। কোটেশন পর্যালোচনায় লিখন আইটি সর্বনিম্ন থাকায় সেখান থেকে ক্রয়ের জন্য সুপারিশ করা হয়। | লিখন আইটি থেকে ক্রয় করা হয়েছে। |
| (WHRAP) প্রকল্পের জানুয়ারি থেকে ডিসেম্বর ২০১৭ নিরীক্ষা | **১ মাঘ ১৪২৪/ ১৪ জানুয়ারি ২০১৮** | নারীর স্বাস্থ্য ও অধিকার সংক্রান্ত এ্যাডভোকেসী পার্টনারশীপ (WHRAP) প্রকল্পের জানুয়ারি থেকে ডিসেম্বর ২০১৭ নিরীক্ষার জন্য তিনটি অডিট ফার্ম থেকে দরপত্র আহ্বান করা হয়। আহ্বানে সারা দিয়ে পিনাকি এবং কোং, আশরাফ উদ্দিন এন্ড কোং এবং সাহাদত রশিদ এন্ড কোং কোটেশন প্রদান করেন। এদের মধ্যে যৌথভাবে সর্বনিম্ন দরদাতা হন সাহাদত রশিদ এন্ড | **ক্রয় বিক্রয় কমিটির সুপারিশ অনুযায়ী আশরাফ উদ্দিন এন্ড কোং কে নিরীক্ষার কার্যাদেশ দেয়া হয়েছে।** |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| | | কোং এবং  আশরাফ উদ্দিন এন্ড কোং। সর্বনিম্ন দরদাতা ও পুর্বে কাজের অভিজ্ঞতা বিবেচনায় ক্রয় বিক্রয় কমিটি আশরাফ উদ্দিন এন্ড কোং কে নিরীক্ষার জন্য সুপারিশ করেন। | **কাজটি সম্পন্ন হয়েছে।** |
| ৩ মাসের স্টেশনারী ক্রয় | **৩ কার্তিক ১৪২৪/ ১৮ অক্টোবর ২০১৭** | ছায়েরা স্টেশনারী মোট ৭টি আইটেমে সর্বনিম্ন দরদাতা হয়েছে। লিখন আইটি মোট ৮টি আইটেমে সর্বনিম্ন দরদাতা হয়েছে। আল-ইকরা এন্টারপ্রাইজ মোট ১৫ আইটেমে সর্বনিম্ন দরদাতা হয়েছে। নরমাল ৮০ গ্রাম ডাবল এ কাগজের দর আল-ইকরা এন্টারপ্রাইজ ২৩৫ টাকা দিয়েছিল, পরবর্তীতে ফোন করে বসুন্ধরার দর নেয়া হায়েছে তাতে ২৫০টাকা দিয়েছে এতেও সর্বনিম্ন দরদাতা হয়েছে। ছায়েরা স্টেশনারীর সর্বমোট দর হয়েছে- ৩২,৪১৭/-টাকা, লিখন আইটি সর্বমোট দর হয়েছে- ৩৩,৩৮৮/- টাকা এবং আল-ইকরা এন্টারপ্রাইজ এর সর্বমোট দর হয়েছে- ৩০,৫৩৬/- টাকা। যেসব দ্রব্য পরিমানে বেশী কেনা হয় সেগুলো বেশীরভাগই সর্বনিম্ন দরদাতা হয়েছে আল-ইকরা এন্টারপ্রাইজ। নারীপক্ষ'র চাহিদা অনুযায়ী সর্বনিম্ন দরদাতা হয়েছে আল-ইকরা এন্টারপ্রাইজ। নারীপক্ষ'র ৩ মাসের স্টেশনারীগুলো আল-ইকরা এন্টারপ্রাইজ কে কার্যাদেরশ দেয়ার জন্য ক্রয় বিক্রয় কমিটি সুপারিশ করেন। | আল-ইকরা এন্টারপ্রাইজ থেকে ৩ মাসের স্টেশনারী ক্রয় করা হয়েছে। উল্লেখ্য যে সজাগ প্রকল্পের ৩ মাসের স্টেশনারী চাহিদা দরপত্র আহ্বান চিঠি দেয়ার পরে এসেছে। সজাগ প্রকল্পের স্টেশনারী চাহিদা সহ আল-ইকরা এন্টারপ্রাইজ থেকে স্টেশনারী ক্রয় করা হয়েছে। |
| ২টি প্রতিবেদন বাংলায় অনুবাদ | **৩ কার্তিক ১৪২৪/ ১৮ অক্টোবর ২০১৭** | নারীপক্ষ'র দুইটি প্রতিবেদন "Universal Access to Sexual and Reproductive Health: Bangladesh" Ges "Universal Access to Sexual and Reproductive Rights: Bangladesh" বাংলা অনুবাদ করার জন্য ৩টি প্রতিষ্ঠান থেকে কোটেশন পাওয়া যায়। দরপত্র বিবেচনায় কাজটি করার জন্য মোঃ আশিকুল ইসলামকে মনোনীত করেছে। উল্লেখ্য যে তাদের ৩ জন থেকে ১ প্যারর একটি অনুবাদ দেখে যাচাই করেছেন শামসুন নাহার। | মোঃ আশিকুল ইসলামকে দিয়ে প্রতিবেদন ২টি অনুবাদ করা হয়েছে। |

**৮। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী পালন:**

১৩ মে ২০১৮ নারীপক্ষ'র ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী ছিল। ১২ মে ২০১৮ নারীর স্বাস্থ্য নিয়ে নারীপক্ষ'র ভাবনা শীর্ষক আলোচনা সভা থাকার কারণে পরের দিনই ১৩ মে ২০১৮ নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী পালন না করে ১৫ মে ২০১৮ মঙ্গলবার বিকেল ৫ টায় এবছর নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী ঘরোয়াভাবে উদ্‌যাপন করা হয়।

৯। নতুন কর্মসূচী গ্রহণ :

❖ **নারীর মানবাধিকার রক্ষায় আইন বাস্তবায়নের জন্য এডভোকেসী:** (২০১৭-২০১৮)

নারীর সম-অধিকার ও সম মর্যাদা অর্জনের জন্য নেয়া হয় সুনির্দিষ্ট ও ভিন্নমুখী কর্মসূচি, যেমন: নারীর মানবাধিকার রক্ষায় আইন বাস্তবায়নের জন্য এডভোকেসী, স্থানীয় স্বাস্থ্যসেবা ব্যবস্থায় সরকারের জবাবদিহিতা নিশ্চিতকরণ, নারী নির্যাতন বিষয়ক গবেষণা, নির্বাচনপূর্বে প্রার্থীদের সঙ্গে নারীর জন্য করণীয় বিষয়ে সংলাপ ইত্যাদি। এাছাড়াও আছে নিয়মিত আলোচনা সভা ও নারীর প্রতি বৈষম্য, অন্যায় ও অবিচারের বিরুদ্ধে প্রতিবাদ এবং নারীর অধিকার সংক্রান্ত আইন ও নীতিমালা প্রভাবিতকরণ কার্যক্রম। কর্মদলের সদস্যরা হলেন:

- রওশন আরা (প্রকল্প সমন্বয়কারী)
- রীতা দাশ রায়
- নাজমা বেগম
- শাহনাজ আক্তার
- ভগবতী ঘোষ

❖ **'নিরাপদ মাসিক নিয়ন্ত্রণের অধিকারের দাবীতে এশিয়া মহাদেশে কৌশলগত সম্পর্ক স্থাপন'** (২০১৮-চলমান):

সরকারী ও বেসরকারী পর্যায়ে ওষুধের মাধ্যমে মানসম্মত মাসিক, নিয়মিতকরণ সেবা নিশ্চিতকরণ এবং ওষুধের মাধ্যমে মানসম্মত মাসিক নিয়মিতকরণ সেবা ব্যবস্থা সম্পর্কে সকলের ধারণা বৃদ্ধিকরণ গবেষণা প্রকল্প। কর্মদলের সদস্যরা হলেন:

১. তাসনীম আজীম (সমন্বয়কারী)
২. শিরীন হক
৩. ফজিলা বানু লিলি

❖ **'আইসিপিডি+২৫' প্রকল্প** (২০১৮-চলমান)

কায়রোতে ১৯৯৪ সালে অনুষ্ঠিত "আন্তর্জাতিক জনসংখ্যা উন্নয়ন সম্মেলন- ১৯৯৪" এ নারীপক্ষ'র সদস্য নাসরীন হক বাংলাদেশের জাতীয় প্রতিনিধি দলের সদস্য হয়ে অংশগ্রহন করে। নারীপক্ষ গত ২০ বছর যাবত নারীর প্রজনন স্বাস্থ্য ও অধিকার বিষয়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় আন্তর্জাতিক উন্নয়ন সম্মেলন (আইসিপিডি) এর ২৫ বৎসর পূর্তিকে সামনে রেখে বাংলাদেশে যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার অর্জনে অগ্রগতি ও গবেষণা প্রতিবেদন তৈরী করা হবে।

এর জন্য প্রাথমিক পর্যায়ে নারীর প্রসবোত্তর পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহ করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে যোগাযোগ ও একটি বৈঠক করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করার জন্য প্রশ্ন পত্র তৈরীর কাজ চলছে। এই কার্যক্রম বাস্তবায়নের জন্য ১ জন গবেষণা কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া এনজিও বিষয়ক ব্যুরো থেকে প্রকল্পের আর্থিক অনুমোদন পাওয়া গেছে। কর্মদলের সদস্যরা হলেন:

৪. ফজিলা বানু লিলি (সমন্বয়কারী)
৫. শিরীন হক
৬. তাসনীম আজীম

❖ **অধিকার এখানে, এখনই (RHRN) প্রকল্প:** (২০১৭-চলমান)

নেদারল্যান্ড ভিত্তিক সংগঠন Rutgers এর আর্থিক সহায়তায় এবং মালয়েশিয়ান ভিত্তিক সংগঠন এশিয়া প্যাসিফিক রিসোর্স এন্ড রিসার্চ সেন্টার ফর উইমেন (ARROW) এর আঞ্চলিক সমন্বয়ে কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার সুরক্ষায় অধিকার এখানে,এখনই (RHRN) প্রকল্প নামে ২ বছর মেয়াদী (জানুয়ারী ২০১৭-ডিসেম্বর ২০১৮) একটি কার্যক্রম পরিচালিত হচ্ছে। বংলাদেশে এই কার্যক্রমটি বাস্তবায়ন করেছে নারীপক্ষসহ ১১টি সংগঠন এবং এই প্ল্যাটফরমের সম্বয়কারী সংগঠন হিসাবে বন্ধু সোশ্যাল ওয়েল ফেয়ার সোসাইটি দায়িত্ব পালন করছে। এই প্রকল্পের কার্যক্রমগুলো দেশের যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার এর বর্তমান অবস্থার উপর ভিত্তি করে পরিকল্পনা করা হয়েছে।

**প্রকল্পের উদ্দেশ্য :**

- ২০২০ সালের মধ্যে পাঠ্যসূচীতে যুবদের যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার বিষয়ে তথ্য প্রাপ্তি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে নিশ্চিতকরণ।
- ২০২০ সালের মধ্যে গেজেটে তৃতীয় লিঙ্গের জনগনের স্বীকৃতি প্রাতিষ্ঠানিকভাবে আইনে প্রতিফলন নিশ্চিতকরণ।

– ২০২০ সালের মধ্যে ৩০% সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে অধিকার ভিত্তিক যৌন ও প্রজনন এবং যুববান্ধব স্বাস্থ্য সেবা ও তথ্য প্রাপ্তি সহজলভ্য হবে।

কর্মদলের সদস্যরা হলেন:

১. ফজিলা বানু লিলি
২. শিরীন হক
৩. তাসনীম আজীম

❖ **টেকসই শান্তি বজায় রাখা সম্পর্কে সুশীল সমাজের ধারণা ও এর অর্থ নিয়ে একটি গবেষণা**

নারীপক্ষ'র একটি নতুন প্রকল্প "টেকসই শান্তি বজায় রাখা সম্পর্কে সুশীল সমাজের ধারণা ও এর অর্থ নিয়ে একটি গবেষণা"। গবেষণার উদ্দেশ্যসমূহ হলো: সুশীল সমাজ ও স্থানীয় জনগণ বিশেষকরে নারীর দৃষ্টিকোণ থেকে টেকসই শান্তিকে ভালোভাবে বোঝা এবং সুশীল সমাজ ও নারীর টেকসই শান্তি বিষয়ক কর্ম তুলে ধরা। কর্মদলের সদস্যরা হলেন:

১. নাজনীন আখতার (প্রকল্প সমন্বয়কারী)
২. শিরীন হক
৩. ফজিলা বানু লিলি
৪. মাহীন সুলতান

❖ **"রোহিঙ্গা নারীদের পাশে আমরা" কর্মসূচী:**

বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের নিয়ে কাজ করার জন্য **"রোহিঙ্গা নারীদের পাশে আমরা"** কর্মসুচি নেয়া হয়েছে। এই কর্মসুচির আওতায় শান্তি, ন্যায়বিচার ও সমতার লক্ষ্যে গঠিত "নোবল বিজয়ী নারীদের উদ্যোগ" (Nobel Women's Initiative)- এর পক্ষে শান্তিতে নোবেল বিজয়ী তিনজন নারী ও তাঁদের সহকর্মীসহ মোট ১৪ জনের একটি দল ২২ ফেব্রুয়ারি - ১ মার্চ ২০১৮ বাংলাদেশ সফর করেন। তাঁদের এই সফর কর্মসূচির স্থানীয় সমন্বয়ের দায়িত্ব পালন করে নারীপক্ষ। এছাড়াও নারীপক্ষ এবং Nobel Women's Initiative- এর আয়োজনে ২৮ ফেব্রুয়ারি ২০১৮, বিকেল ৪টায় 'কৃষিবিদ ইনস্টিটিউশন', খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা- এর মিলনায়তনে **'জীবন ও সংগ্রামের পথে'** শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আওতায় অনেকগুলো কাজের কথা বলা আছে, যে কাজগুলোতে এখনো পর্যন্ত কোন অগ্রগতি নেই, যেমন: 'সুশীল সমাজকে যুক্ত করে প্লাটফর্ম তৈরি', 'রোহিঙ্গা নারী শরণার্থীদের চাহিদা নিরূপণ বিষয়ক কাজের জন্য প্রকল্প প্রস্তাবনা' 'সেবা ' এবং 'সুরক্ষা' প্রকল্প। কর্মদলের সদস্যরা হলেন:

১. শিরীন হক **(সমন্বয়কারী)**
২. মাহীন সুলতান
৩. সাদাফ সায্ সিদ্দিকী
৪. ফজিলা বানু লিলি
৫. কামরুন নাহার

**১০। নারীপক্ষ থেকে বিভিন্ন কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ:**

- ২৮ অক্টোবর ২০১৮ ডব্লিউডিডিএফ আয়োজিত '**Preserving Quota for Persons with Disabilities in 1st and 2nd class Government job'** বিষয়ক সংবাদ সম্মেলনে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৮ অক্টোবর ২০১৮ এসিড সারভাইভার্স ভাউন্ডেশন আয়োজিত "Study on Good Practices and Possible Mechanism to address Gender-Based Violence" বিষয়ক ইনসেপ্সন সভায় শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ২৯ সেপ্টেম্বর ২০১৮ ইনোভেশন গ্যারেজ লিঃ উদ্ভাবিত দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ডকএক্স. আরটিএফ এবং টেক্সট ফাইল পড়ার মোবাইল অ্যাপক 'বাংলা ডক রিডার' প্রেস ক্লাব মিলনায়তনে নারীপক্ষ'র সদস্য ফাতেমা খাতুন, রোকেয়া খাতুন ও মর্জিনা আহম্মেদ এবং নারীপক্ষ'র টেলিফোন অপারেটর মর্জিনা বেগম অংশগ্রহণ করেন।
- ২৪ সেপ্টেম্বর ২০১৮ সিরডাপ মিলনায়তনে নাগরিক সমাজের পক্ষ থেকে "রাষ্ট্র - নাগরিক সম্পর্ক: দায় ও দায়িত্ব" বিষয়ক গোল টেবিল আলোচনায় শিরীন হক অংশগ্রহণ করেন।
- ৭ সেপ্টেম্বর ২০১৮ গার্মেন্টস শ্রমিক অধিকার আন্দোলন কমিটি আয়োজিত 'শ্রমিকে জীবন, মর্যাদা ও বাঁচার লড়াইয়ে ঐক্যবদ্ধ হোন' বিষয়ক জাতয় কনভেনশনে রওশন আরা অংশগ্রহণ করেন।

- ১৩ আগস্ট ২০১৮, মানুষের জন্য ফাউন্ডেশন আয়োজতি Implementation of the Child Marriage Restraint Act 2017 সভায় লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।
- ৭ আগস্ট ২০১৮, ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত 'Documentation: Collectiing Evidence of Atrocities Against the Rohingyas by the Myanmar Military' কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ২ আগস্ট ২০১৮, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে প্যান প্যাসিফিস সোনারগাঁও হোটেলে 'বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৯ জুলাই ২০১৮, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত 'নির্যাতনের শিকার নারী ও শিশুর তাৎক্ষণিক সহায়তায় "জয়" মোবাইল অ্যাপস এর উদ্বোধনী অনুষ্ঠানে শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ২৯ জুলাই ২০১৮, বিলস ও এসএনএফ আয়োজিত আলোচনায় ইউ. এম হাবিবুন নেসা ও কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ২৮ জুলাই ২০১৮, ছায়ানট মিলনায়তনে কমলা ভাষিণ এর সাথে কথোপকথন অনুষ্ঠানে শিরীন হক অংশগ্রহণ করেন।
- ১ জুলাই ২০১৮, ডাব্লিউডিডিএফ আয়োজিত 'Making easy access to justice of Women with Disabilities' বিষয়ক সংবাদ সম্মেলনে টেলিফোন অপারেটর মর্জিনা বগেম অংশগ্রহণ করেন।
- ২৮ জুন ২০১৮, সচেতন সমাজসেবা হিজড়া সংঘ আয়োজিত 'এ্যাডভোকেসী' সভায় নাজমা বেগম ও জাহানারা খাতুন অংশগ্রহণ করেন।
- ২৮ জুন ২০১৮, নাগরিক উদ্যোগ "টেকসই উন্নয়ন অভীষ্ট" এজেন্ডা ২০৩০ এর ৫ ও ১৬ অভীষ্ট সম্পর্কে একটি দিনব্যাপী কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২০ জুন ২০১৮, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত 'Designing Interventions to Improve Patient Feedback Systems at Upazila Health Complexes in Bangladesh' বিষয়ক কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ৯ জুন ২০১৮, সাংগাত-এ ফেমিনিষ্ট নেটওয়ার্ক আয়োজতি সাংগাত বাংলাদেশের সকল সদস্যদের নিয়ে আলোচনা সভায় মাহফুজা আক্তার মালা অংশগ্রহণ করেন।
- ৬ জুন ২০১৮, এসএনএফ ও বিলস আয়োজিত 'Employment Injury Scheme' বিষয়ক মতবিনিময় সভায় তামান্না খান অংশগ্রহণ করেন।
- ৫ জুন ২০১৮, সিপিডি আয়োজিত ব্র্যাক সেন্টার ইন এ 'Financing for SDBs Implementation in Asia-Pacific Region' বিষয়ক কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ৩০ মে ২০১৮, সিরডাপ মিলনায়তনে ওয়েভ ফাউন্ডেশন আয়োজিত 'বাজেটে স্থানীয় সরকার ও বিকেন্দ্রীকরণ পরিস্থিতি' বিষয়ক জাতীয় পর্যায়ের মতবিনিময় সভায় নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।
- ২৮ মে ২০১৮, 'নিরাপদ মাতৃত্ব' দিবস উদযাপন উপক্ষে ওজিএসবি এর একটি আলোচনা সভায় জাহানারা খাতুন অংশগ্রহণ কবরেন।
- ২৮ মে ২০১৮, MHM Platform, Red Orgnge, UNICEF and LGD আয়োজিত সভায় 'মা দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।
- ২৩ মে ২০১৮, বিলস এবং কেয়ার বাংলাদেশ এর যৌথ আয়োজনে 'Stakeholder Consultation on ILO Convention and Recomendation on Ending Violence and Harassment in the World of Work' বিষয়ক সভায় সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ৭ মে ২০১৮ একশন এইড বাংলাদেশ আয়োজিত নাসরীন হক স্মৃতি পদক প্রদান অনুষ্ঠানে শিরীন হক অংশগ্রহণ করেন।
- ২৫ এপ্রিল ২০১৮, বিলিয়া আয়োজিত 'Towards Tort Liability for Sexual Violence Against Women' বিষয়ক কর্মশালায় রওশন আরা ও কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ২৫ এপ্রিল ২০১৮, বাংলাদেশ দলিত নারী ফেডারেশন এবং নাগরিক উদ্যোগ আয়োজিত 'বাংলাদেশে দলিত নারীর আর্থ-সামজিক উন্নয়ন এবং জাতীয় বাজেট' শীর্ষক সেমিনারে মাহবুবা মাহমুদন লীনা ও জাহানারা খাতুন অংশগ্রহণ করেন।
- ২৫-২৭ এপ্রিল ২০১৮, মানবাধিকার কর্মসূচী ইউএনডিপি আয়োজিত 'জেন্ডার এন্ড ইন্ডিকেটর' বিষয়ক ২দিনের প্রশিক্ষণে শাহনাজ আক্তার ও লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।
- ১২ এপ্রিল ২০১৮, নারী নিরাপত্তা জোট আয়োজিত 'পহেলা বৈশাখে নিরাপত্তার নামে সান্ধ্য আইন জারি ও যৌন হয়রানি-নারী নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে নারী নিরাপত্তা জোট এর সংবাদ সম্মেলনে নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ৫ এপ্রিল ২০১৮, PRISM Programme – TA to BSCIC আয়োজিত 'Women Enterpreneurs – Breaking the Barriers' বিষয়ক সেমিনারে রাশিদা হোসেন অংশগ্রহণ করেন।
- ৫ এপ্রিল ২০১৮, আইন ও শালিস কেন্দ্র আয়োজিত The concluding observations of the CESCR বিষয়ক সংবাদ সম্মেলনে নাজমা বেগম অংশগ্রহণ করেন।

- ৩ এপ্রিল ২০১৮, BIGD, BRAC University আয়োজিত Reflection Workshop on Women's Movement Country Study বিষয়ক কর্মশালায় নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ২০ মার্চ ২০১৮, বাংলাদেশ ব্যাংক আয়োজিত 'এনজিও প্রতিষ্ঠান সমূহ কর্তৃক পরিপালনীয় বিষয়াবলী এবং সাম্প্রদায়িক সময়ে দেশ-বিদেশে ঘটে যাওয়া সন্ত্রাসী কর্মকান্ডের ফলাফল অনুধাবনকরত এনজিও সমূহের করণীয়' বিষয়ক আলোচনা সভায় নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ১৯-২০ মার্চ ২০১৮, ব্ল্যাস্ট আয়োজিত 'Gender Health, Rights and Choices: Access to services in amegacity' বিষয়ক আঞ্চলিক সম্মেলনে সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ২৯-৩০ জানুয়ারি ২০১৮, পররাষ্ট্র মন্ত্রণালয়ের জাতিসংঘ উইং আয়োজিত 'National Symposium on National Action Plan for UN Security Council Resolution 1325 on Women, Peace and Security' সেমিনারে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৫ জানুয়ারি ২০১৮, বিলিয়া আয়োজিত 'The Saga of the Rohingyas in 2017: An Analysis' বিষয়ক সেমিনারে শিরীন হক অংশগ্রহণ করেন।
- ২৫ জানুয়ারি ২০১৮, ব্ল্যাস্ট আয়োজিত Medico-legal Examination of Rape Victim Women and Child' বিষয়ক পরামর্শ সভায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ২৪ জানুয়ারি ২০১৮, 'Gender in Journalism: In pursuti of Quality Content and Sensitivity' বিষয়ক কর্মশালায় তামান্না খান অংশগ্রহণ করেন।
- ৬ ডিসেম্বর ২০১৭, আইন কমিশন আয়োজিত 'পারিবারিক আইনসমূহ যুগোপযোগী করণ' বিষয়ক মতবিনিময় সভায় ইউ. এম হাবিবুন নেসা ও রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৯ নভেম্বর ২০১৭, ইউ এন ওমেন আয়োজিত 'National Action Plan-Women, Peace and Security' কর্মশালায় রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৮ নভেম্বর ২০১৭, গুলশানে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল আয়োজিত 'Advancing Women's Leadership and Participation for Inclusive Elections' গোলটেবিল বৈঠকে নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ২৪ নভেম্বর ২০১৭, জাতীয় প্রেসক্লাব ভিআইপি লাউঞ্জে ওশি আয়োজিত 'হোমবেইজড ওয়ার্কারদের লিঙ্গভিত্তিক সহিংসতা পরিস্থিতি বিশ্লেশণ' শীর্ষক সেমিনারে তামান্না খান অংশগ্রহণ করেন।
- ১৯ নভেম্বর ২০১৭, ওয়ার্ল্ড ব্যাংক আয়োজিত 'Women's Economic Empowerment in Bangladesh: Preliminary Findings' কনসালটেটিভ কর্মশালায় তামান্না খান অংশগ্রহণ করেন।
- ১৬-১৮ নভেম্বর ২০১৭, Dhaka Lit Fest এ রীতা দাশ রায় অংশগ্রহণ করেন।
- ১৫ নভেম্বর ২০১৭, ইউএস এইড আয়োজিত 'অবিরোধ সংলাপ' এ নাজমা বেগম ও রওশন আরা অংশগ্রহণ করেন।
- ১৫ নভেম্বর ২০১৭, ইউ এন ওমেন বাংলাদেশ আয়োজিত 'Strengthen Civil Society Participation for CEDAW implementation in Bangladesh' মাহীন সুলতান অংশগ্রহণ করেন।
- ১৩ নভেম্বর ২০১৭, ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ে 'মহিলা মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) যাচাই বাছাই বিশেষ কমিটি কর্তৃক যাচাই বাছাই করণ' কার্যক্রমে মাকসুদা বেগম অংশগ্রহণ করেন।
- ১৩ নভেম্বর ২০১৭, বিলস সেমিনার হলে বিলস আয়োজিত 'শ্রমিক নিরাপত্তা ফোরামের পরিকল্পনা কর্মশালায় প্রতিনিধি মনোনয়ন ও সুপারিশ চুড়ান্তকরণ অধিবেশনে তামান্না খান অংশগ্রহণ করেন।
- ১২ নভেম্বর ২০১৭, সিরডাপ মিলনায়তনে 'টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আলোকে বাংলাদেশে দলিত জনগোষ্ঠীর অবস্থান' শীর্ষক একটি সংলাপে নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ৭-৯ নভেম্বর ২০১৭, BLAST & jpg School of Public Health, BRAC University আয়োজিত National and International Human Rights Mechanisms fucusing on SRHR তিন দিন ব্যাপী প্রশিক্ষণে নাজমা বেগম ও সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ৪-৫ নভেম্বর ২০১৭, বাংলাদেশ জাতীয় মানবাধিকার বাস্তবায়ন সংস্থা আয়োজিত 'Human Rights, Fact Findings, Investigation and Documentation' ২ দিন ব্যাপী প্রশিক্ষণে নাজমা বেগম ও লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।
- ২৯ অক্টোবর ২০১৭, এএলআরডি আয়োজিত 'International Covenant on the Economic, Social and Cultural Rights (ICESCR) মতবিনিময় সভায় তামান্না খান অংশগ্রহণ করেন।
- ২৬ অক্টোবর ২০১৭, ব্ল্যাস্ট আয়োজিত 'পোশাক বিল্প শ্রমিকদের জন্য আইন সহায়তা ঃ বিভিন্ন সমস্যা ও প্রতিবন্ধকতা' সভায় সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ২৫ অক্টোবর ২০১৭, ডাব্লিউবিবি ট্রাস্ট আয়োজিত 'একীভূত সমাজ গঠন: গণপরিসরে নারী ও প্রতিবন্ধী বক্তিদের প্রবেশগম্যতা' শীর্ষক আলোচনা সভায় টেলিফোন অপারেটর মর্জিনা বেগম অংশগ্রহণ করেন।

- ১১ অক্টোবর ২০১৭, ইউ এন ওমেন বাংলাদেশ আয়োজিত '16 Days of Activism' এ রওশন আরা অংশগ্রহণ করেন।
- ৬-৭ অক্টোবর ২০১৭, হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ আয়োজিত 'National Consultation' এ তামান্না খান অংশগ্রহণ করেন।
- ৩ অক্টোবর ২০১৭, স্বাস্থ্য ও পরিবার কর‌্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্ সেবা বিভাগের অধীনে জেন্ডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিটের উদ্যোগে, ইউএনএফপিএ বাংলাদেশ এর সহায়তায় 'Protocol for Health Care Providers on Health Response to Gender Based Violence" মতবিনিময় সভায় সভানেত্রী ও জাহানারা খাতুন অংশগ্রহণ করেন।
- ২৮ সেপ্টেম্বর ২০১৭, জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত 'Hijra Lives in Bangladesh: Leaving on one behind' এ তামান্না খান ও রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৭ সেপ্টেম্বর ২০১৭, সাংগাত বাংলাদেশ দল আয়োজিত Women's Access to Property' কর্মশালায় মাহফুজা আক্তার মালা অংশগ্রহণ করেন।
- ২৭ সেপ্টেম্বর ২০১৭, ওয়ার্ল্ড ব্যাংক আয়োজিত 'Metro Dhaka Transformation Platform-Stakeholder Consultation, 2017 এ শিরীন হক অংশগ্রহণ করেন।

**১১। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ:**

- ৯-১১ এপ্রিল ২০১৮ "Identifying Challenges, Assessing Progress, Moving Forward: Addressing Impunity and Realizing Human Rights in South Asia", organized by National Human Rights Commission of Nepal, আন্তর্জাতিক সম্মেলনে শিরীন হক অংশগ্রণ করেন।
- ১-৪ ডিসেম্বর ২০১৭ ভিয়েতনামে অনুষ্ঠিত Right Here Right Now (RHRN) কার্যক্রমের আঞ্চলিক সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন
- ২-৪ ডিসেম্বর ২০১৭ Asia Pacific forum on Women, Law and Development (APWLD) চিয়াং মাই থাইল্যান্ড এ আয়োজিত Consultation on Feminist Strategic Litigation, শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন
- ৩-৭ ডিসেম্বর ২০১৭ কাঠমুন্ডু, নেপালে ক্রিয়া আয়োজিত "Re Designing f the Feminist Leadership, Movement Building, and Rights Institute" অংশগ্রহণ করেন কামরুন নাহার।
- গত ১-৪ ডিসেম্বর ২০১৭ ভিয়েতনামে অনুষ্ঠিত Right Here Right Now (RHRN) কার্যক্রমের আঞ্চলিক ফোরাম সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ১২-১৮ নভেম্বর ২০১৭, জার্মানীতে "Human Trafficking and Rights of Women and Children" ইউ. এম হাবিবুন নেসা অংশগ্রহণ করেন।
- ১৩-১৪ নভেম্বর ২০১৭ মালয়েশিয়া Asian- Pacific Resource and Research Centre for Women (ARROW) আয়োজিত "Regional Dialouge On human Rights, Gender, Culture and Development in Asia- Pacific" নারীপক্ষ'র সভানেত্রী রেহানা সামদানী অংশগ্রহণ করেন।
- গত ২৭-৩০ নভেম্বর ২০১৭ ভিয়েতনামে অনুষ্ঠিত 9th Asia Pacific Conference on Reproductive and Sexual Health and Right বিষয়ক সম্মেলনে প্ল্যানারি সেশনে শিরীন হক আলোচক হিসেবে অংশগ্রহণ করেন এবং জন্ম-মৃত্যু নিবন্ধন এর গবেষণা বিষয়ে পোষ্টার প্রেজেন্টেশন করেন সামিয়া আফরীন।

**১২। প্রতিবাদ বিবৃতি:**

- ৫ আষাঢ় ১৪২৫/১৯ জুন ২০১৮ **'রোহিঙ্গা নারীর উপর সহিংসতা ও যৌন নির্যাতন বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য 'আন্তর্জাতিক অপরাধ আদালত' এ আবেদন** বিষয়ক একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। উল্লেখ্য তাদের উপর হওয়া এই নির্যাতনের যথাযথ তদন্ত করার জন্য আদালতের বন্ধু হিসেবে নারীপক্ষ, সারা হোসেন, Women's Initiatives for Gender Justice এবং European Center for Constitutional and Human Rights যৌথভাবে গত ১৮ জুন ২০১৮ 'আন্তর্জাতিক অপরাধ আদালত' এর কাছে একটি আবেদন দাখিল করেছে। নারীপক্ষ'র ওয়েব সাইটে উক্ত বিবৃতির সাথে আবেদন সংযুক্ত করা হয়েছে।
- ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫/২৮ মে ২০১৮ **'সৌদি আরবে কাজ করতে গিয়ে নির্যাতনের শিকার হয়ে দেশে ফিরতে বাধ্য হচ্ছেন নারী শ্রমিক'** বিষয়ক একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ৯ জ্যৈষ্ঠ ১৪২৫/২৩ মে ২০১৮ **'মাদক নিয়ন্ত্রণ অভিযানে নির্বিচারে মানুষ হত্যা গ্রহণযোগ্য নয়'** বিষয়ক একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।

- ৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮ **'অবিরাম নারী ও শিশু ধর্ষণ: দুই ত্রিপুরা কিশোরীকে ধর্ষণ ও হত্যায় ক্ষোভ, উদ্বেগ'** প্রকাশ করে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২৮ চৈত্র ১৪২৪/১১ এপ্রিল ২০১৮ **'কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের উপর পুলিশি হামলা এবং ছাত্রলীগ নেতাদের নির্যাতনে নারীপক্ষ'র তীব্র নিন্দা ও প্রতিবাদ'** জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ১৩ চৈত্র ১৪২৪/২৭ মার্চ ২০১৮ **'গাউছিয়া মার্কেটে তরুণীর উপর শারীরিক নির্যাতন ও যৌন আক্রমণের প্রতিবাদ'** বিষয়ক একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়। উল্লেখ্য, গত ২৩ মার্চ ২০১৮, রাজধানীর গাউছিয়া মার্কেটের চাঁদনীচকে কেনাকাটা করতে আসা চার তরুণী শাহনুর ফেব্রিক্স ও পাশের দেকানের পাঁচজন কর্মচারী দ্বারা শারীরিক নির্যাতন ও যৌন আক্রমণের শিকার হন।
- ২৮ ফাল্গুন ১৪২৪/১২ মার্চ ২০১৮ **'৭ মার্চের মিছিলকারীদের দ্বারা তরুণীদের যৌন আক্রমণের প্রতিবাদ'** বিষয়ক একটি 'প্রতিবাদ বিবৃতি দেয়া হয়। উল্লেখ্য যে, গত ৭ মার্চ ২০১৮, সোহরাওয়ার্দী উদ্যানের জনসভায় যোগ দিতে আসা মিছিলকারী দ্বারা রাজধানীর বাংলামটরসহ বিভিন্ন এলাকায় কয়েকজন তরুণী যৌন আক্রমণের শিকার হন।
- ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭ **'৭১ এর বীরাঙ্গনা রাজুবালার মৃত্যুতে নারীপক্ষ থেকে গভীর শোক জ্ঞাপন** করে একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়। উল্লেখ্য, নারীপক্ষ ২০১১ সাল থেকে "৭১ এর যে নারীদের ভুলেছি" কর্মসূচির আওতায় বন্ধু ও শুভানুধ্যায়ীদের কাছ থেকে অনুদান সংগ্রহ করে রাজুবালাসহ বেশ কয়েকজন বীরাঙ্গনাকে মাসিক ভাতা প্রদান করে আসছে
- ১১ মাঘ ১৪২৪/২৪ জানুয়ারি ২০১৮ **ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রী নিপীড়নের বিচারসহ চার দফা দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের উপর হামলার** প্রতিবাদ এবং দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭ **"নারীদের ফসলের মাঠে যেতে মানা"** ফতোয়া প্রদানকারীদের এখনই প্রতিহত করার দাবি জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়
- ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭ **"নারীদের ফসলের মাঠে যেতে মানা"** ফতোয়া প্রদানকারীদের এখনই প্রতিহত করা হোক বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ১০ আশ্বিন ১৪২৪ /২৫ সেপ্টেম্বর ২০১৭ **'শরণার্থীদের জন্য জরুরী সেবা প্রদানে বিশেষ পদক্ষেপ'** গ্রহণের ৫টি দাবি জানিয়ে সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়।
- ৬ কার্তিক ১৪২৪/২১ অক্টোবর ২০১৭ **'পারভীন বেগমকে রাস্তায় সন্তান প্রসব করতে বাধ্য করার জন্য দায়ী প্রত্যেকের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা'** গ্রহণের দাবি জানিয়ে প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ১৫ ভাদ্র ১৪২৪/৩০ আগস্ট ২০১৭ **'মিয়ানমারের রোহিঙ্গাদের ওপর নৃশংস হামলা বিশ্ব মানবতার অবমাননা ও মানবাধিকারের চরম লঙ্ঘন'** বিষয়ক একটি বিবৃতি দেয়া হয়।
- ৯ ভাদ্র ১৪২৪/ ২৪ আগষ্ট ২০১৭ **"দীর্ঘ ১১ বছর প্রতীক্ষার পর নাসরীন হক এর মামলার রায়"** বিষয়ক একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়। ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ ৪র্থ নং আদালতের বিচারক আজ এই মামলার রায় ঘোষণা করেন। রায়ে একমাত্র অভিযুক্ত ব্যক্তিকে যাবজ্জীবন কারাদন্ড ও বিশ (২০) হাজার টাকা জরিমানা এর শাস্তি প্রদান করা হয়েছে।
- ২৩ শ্রাবণ ১৪২৪/৭ আগস্ট ২০১৭ তারিখে **'শিশুসহ দেশব্যাপী অবিরাম নারীধর্ষণ এখনই প্রতিহত করুন'** বিষয়ক প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ১৮ শ্রাবণ ১৪২৪/ ০২ আগষ্ট ২০১৭ **'বগুড়ায় ছাত্রী ধর্ষণ ও মা-মেয়ের মাথা ন্যাড়া করে' নির্যাতনের কার্যকর তদন্ত এবং বিচারের দাবি'** বিষয়ে প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

১৩। **প্রতিবাদ জানিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে/অন্যান্যদের চিঠি:**

- ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫/৩০ মে ২০১৮ **"অবিরাম নারী ও শিশু ধর্ষণ রোধে জরুরী কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি"** জানিয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান বরাবর চিঠি দেয়া হয়েছে। সদয় অবগতির জন্য মহাপুলিশ পরিদর্শক, ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীকে অনুলিপি দেয়া হয়।
- ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫/৩০ মে ২০১৮ **"অবিরাম নারী ও শিশু ধর্ষণ রোধে জরুরী কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি"** জানিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বরাবর চিঠি দেয়া হয়েছে। সদয় অবগতির জন্য মহাপুলিশ পরিদর্শক, ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীকে অনুলিপি দেয়া হয়।
- ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭ **"নারীরা ফসলের মাঠে যেতে পারবে না"**- এই ফতোয়া প্রদানকারীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ বিষয়ে ২টি চিঠি প্রদান করা হয় কুষ্টিয়ার কুমারখালী উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর এবং কুষ্টিয়া-৪ এর সংসদ সদস্যকে।

- ৭ মাঘ ১৪২৪/২০ জানুয়ারি ২০১৮ **চেকবইসহ ব্যাংক সংক্রান্ত যাবতীয় যোগাযোগ ও তথ্য আদান-প্রদানে বাংলা ভাষা ব্যবহার করার** প্রযুক্তি চালু করার জন্য মোস্তাফা জব্বার, মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বরাবর চিঠি দেয়া হয়।
- ১০ আগষ্ট ২০১৭ পাথরঘাটা উপজেলার পাথরঘাটা ডিগ্রি কলেজের পিছনে খাসপুকুরে হাত- বাধা অবস্থায় এক তরুণীর লাশ উদ্ধার এবং উক্ত তরণীকে ধর্ষণের পর হত্যা করা হয়। **"ধর্ষণের পর হত্যা ঘটনার বিচার ও এই ধরনের ঘটনা রোধে জরুরী কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি"** জানিয়ে বরগুনা ২ সাংসদ শওকত হাসানুর রহমান (রিমন) বরাবর ১ অগ্রহায়ণ ১৪২৪/ ১৫ নভেম্বর ২০১৭ একটি চিঠি দেয়া হয়। বরগুনা জেলার পুলিশ সুপার বিজয় বসাককে অনুলিপি দেয়া হয়।
- দেশব্যাপী একের পর এক নারী ও শিশু ধর্ষণ এবং যৌন নির্যাতনের ঘটনা ঘটেই চলেছে। এরই ধারাবাহিকতায় গত ২৭ অক্টোবর ২০১৭ রাত সাড়ে আটটায় বাসে পতেঙ্গা থেকে চাঁদগাঁও মৌলভীপুকুর পাড় যাওয়ার পথে এক নারী পোশাককর্মী ঐ বাসের চালক ও চালকের সহকারী কর্তৃক ধর্ষণের শিকার হন। এই ঘটনার প্রেক্ষিতে **"নারী ও শিশুর প্রতি ধর্ষণ, হত্যা ঘটনার বিচার ও এই ধরনের ঘটনা রোধে জরুরী কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি"** জানিয়ে ৩০ কার্তিক ১৪২৪/ ১৪ নভেম্বর ২০১৭ তারিখে মেহের আফরোজ চুমকি, মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খানকে চিঠি দেয়া হয়। অনুলিপি দেয়া হয় এ কে এম শহীদুল হক, ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা ।
- ৮ কার্তিক ১৪২৪/২৩ অক্টোবর ২০১৭ **"পারভীন বেগমকে রাস্তায় সন্তান প্রসব করতে বাধ্য করা, ফলশ্রুতিতে নবজাতকের মৃত্যুর জন্য দায়ী প্রত্যেকের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেয়া"** বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সচিব বরাবর চিঠি দেয়া হয়। অনুলিপি দেয়া হয় (১) অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, (২) ডাঃ কাজী জাহাঙ্গীর হোসেন পিএইচডি, পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ এবং লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট।
- **"শরণার্থীদের জন্য জরুরী সেবা প্রদানে বিশেষ পদক্ষেপ গ্রহণের দাবি"** জানিয়ে ০৮ আশ্বিন ১৪২৪/২৩ সেপ্টেম্বর ২০১৭ শরণার্থী নারীদের শারীরিক, মানসিকসহ সার্বিক নিরাপত্তা, সুরক্ষা ও স্বস্তি নিশ্চিত করতে নিম্নোক্ত পাঁচটি বিশেষ দাবি জানিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোফাজ্জাল হোসেন চৌধুরী মায়া (বীর বিক্রম) কে একটি চিঠি দেয়া হয়। ২৬ আশ্বিন ১৪২৪/১১ অক্টোবর ২০১৭ **'রোহিঙ্গা শরণার্থীদের জন্য জরুরী সেবা প্রদানে বিশেষ পদক্ষেপ গ্রহণ'** বিষয়ে পুনরায় ফলো-আপ চিঠি দেয়া হয়। ২টি চিঠিরই অনুলিপি দেয়া হয় (১) মোঃ রিয়াজ আহমেদ, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (২) জেলা প্রশাসক, কক্সবাজার।

১৪। <u>শোকবার্তা ও শোক সংবাদ ঃ</u>

- নারীপক্ষ'র একান্ত বন্ধু ও শুভানুধ্যায়ী সিমীন মাহমুদ এর আকস্মিক মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য-কর্মীর পক্ষ থেকে তাঁর পরিবারের প্রত্যেকের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়ে তাঁর স্বামী অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ কে ২৪ চৈত্র ১৪২৪/৭ এপ্রিল ২০১৮ শোক বার্তা দেয়া হয়।
- 'এ্যাম্ব্রোশিয়া গেস্ট হাউজ' এর ব্যবস্থাপক মোঃ জাহাঙ্গীর এর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তার স্ত্রী নাসরীন সুলতানা বরাবর ১৩ ফাল্গুন ১৪২৪/২৫ ফেব্রুয়ারি ২০১৮ চিঠি দেয়া হয়।
- নারী উন্নয়ন কর্মী, 'ওমেন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (WDO)' এর সভানেত্রী জাহানারা বেগম এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে গত ৭ মাঘ ১৪২৪ /২০ জানুয়ারি ২০১৮ তাঁর স্বামী জোয়াহের আলী জহির বরাবর চিঠি দেয়া হয়েছে। উল্লেখ্য, জাহানারা বেগমের সাথে নারীপক্ষ'র পরিচয় ১৯৮৪ সালে টাঙ্গাইলে অনুষ্ঠিত এক কর্মশালার মাধ্যমে। পরবর্তীতে ১৯৯৫ সালে বেইজিং এ অনুষ্ঠিত চতুর্থ বিশ্ব নারী সম্মেলনের প্রস্তুতি হিসেবে ঐ বছর ৬-৮ আগস্ট জয়দেবপুরে অনুষ্ঠিত নারী সংগঠনসমূহের প্রথম জাতীয় সম্মেলনে জাহানারা বেগম এর সক্রিয় অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য।

**১৫। অভিনন্দন পত্র**

- **'টি২০ এশিয়া কাপ'** এর ফাইনালে বিজয়ী হওয়ায় জাতীয় নারী ক্রিকেট দলের খেলোয়ার, কোচ এবং সকল কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এর সংশ্লিষ্ট সকলকে ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫/১১ জুন ২০১৮ নারীপক্ষ থেকে অভিনন্দন জানিয়ে চিঠি দেয়া হয়।

- ‘নৃত্য নন্দন’ এর পরিচালক, শর্মিলা বন্দ্যোপাধ্যায় নৃত্যশিল্পে বিশেষ অবদানের জন্য **‘শিল্পকলা পদক’** পাওয়ায় **অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে** ১৩ আষাঢ় ১৪২৫/ ২৭ জুন ২০১৮ চিঠি দেয়া হয়।
- কাঙ্গালিনী সুফিয়া লোকসঙ্গীতে বিশেষ অবদানের জন্য **‘শিল্পকলা পদক’** পাওয়ায় **অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে** ১৩ আষাঢ় ১৪২৫/ ২৭ জুন ২০১৮ চিঠি দেয়া হয়।
- সাহিত্যক্ষেত্রে **জাতীয়** পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতীত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে এ বছর দেশের সর্বোচ্চ রাষ্ট্রিয় পুরস্কার ‘স্বাধীনতা পদক’ পাওয়ায় সেলিনা হোসেনকে নারীপক্ষ’র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়ে ২ জ্যৈষ্ঠ ১৪২৫/১৬ মে ২০১৮ চিঠি দেয়া হয়।
- কৃষি সাংবাদিকতায় জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে এ বছর দেশের সর্বোচ্চ রাষ্ট্রিয় পুরস্কার ‘স্বাধীনতা পদক’ পাওয়ায় নারীপক্ষ’র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়ে শাইখ সিরাজকে ২ জ্যৈষ্ঠ ১৪২৫/১৬ মে ২০১৮ চিঠি দেয়া হয়।
- লুনা শামসুদ্দোহা, যিনি বাংলাদেশের ইতিহাসে কোন রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের প্রথম নারী চেয়ারম্যান নিয়োগপ্রাপ্ত হয়েছেন। এই সাফল্যে নারীপক্ষ’র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়ে ২০ ফাল্গুন ১৪২৪/4 মার্চ ২০১৮ অভিনন্দন চিঠি দেয়া হয়।
- **২৯ আশ্বিন ১৪২৪/১৪ অক্টোবর ২০১৭ ‘ড. নীলিমা ইব্রাহিমের ৯৬তম জন্মদিন উপলক্ষে আমাদের স্মরণ ও শ্রদ্ধা’** জানিয়ে বাংলাদেশ মহিলা সমিতির সাধারণ সম্পাদিকা তানিয়া বাখ্‌ত বরাবর একটি চিঠি দেয়া হয়।
- তৃণা হক এর মা প্রয়াত অধ্যাপক জুলেখা হক তাঁর গবেষণা কর্মের জন্য এ বছর **‘একুশে পদক (মরণোত্তর)’** প্রাপ্ত হন। জুলেখা হক এর সন্তান এবং নারীপক্ষ’র দীর্ঘদিনের সদস্য তৃণা হককে ৭ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮ নারীপক্ষ’র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে অভিনন্দন পত্র দেয়া হয়
- সাফ অনূর্ধ্ব-১৫ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপের প্রথম আসরের শিরোপা জেতায় বাংলাদেশ নারী ফুটবল দলের সকল সদস্য বরাবর ১৩ পৌষ ১৪২৪/২৭ ডিসেম্বর ২০১৭ নারীপক্ষ থেকে অভিনন্দনপত্র দেয়া হয়
- একজন সফল উদ্যোক্তা হিসেবে এবং সমাজসেবায় বিশেষ অবদান রাখার জন্য ‘গ্রাম বিকাশ সহায়তা সংস্থা’র নির্বাহী পরিচালক মাসুদা ফারুক রত্না এর ‘রোকেয়া পদক’ প্রাপ্তিতে ৬ পৌষ ১৪২৪/ ১৯ ডিসেম্বর ২০১৭ নারীপক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে চিঠি দেয়া হয়েছে।

১৬। সদস্য সংবাদ

- জাহানারা খাতুনের ছোট ভাইয়ের বিয়ে হয়েছে গত ৩১ মার্চ ২০১৮।
- গীতা দাস এর ছেলে স্বাক্ষর এর গত ১ ডিসেম্বর ২০১৭ বিবাহত্তোর সম্বর্ধনা অনুষ্ঠিত হয়েছে।
- নাজমা বেগম এর ছোট বোন গত ৩ নভেম্বর ২০১৭ ইন্তেকাল করেছেন।

১৭। কর্মী সংবাদ

- ‘টেকসই শান্তি বজায় রাখা সম্পর্কে সুশীল সমাজের ধারণা ও এর অর্থ নিয়ে একটি গবেষণা’ প্রকল্পের ‘গবেষণা কর্মকর্তা’ গুলফাম তাসনিম ১ জুন ২০১৮ যোগদান করে পরবর্তীতে চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- নারীর স্বাস্থ্য ও প্রজনন অধিকার বিষয়ক কর্মসূচির অধিনে পরিচালিত ‘আইসিপিডি+২৫’ প্রকল্পে ‘গবেষণা কর্মকর্তা’ পদে জ্যানেট শাপলা চৌধুরী ১৯ জুন ২০১৮ যোগদান করে পরবর্তীতে চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- নারীর স্বাস্থ্য ও প্রজনন অধিকার বিষয়ক কর্মসূচির অধিনে পরিচালিত ‘আইসিপিডি+২৫’ প্রকল্পে ‘খন্ডকালীন গবেষণা কর্মকর্তা’ পদে নাজমুন নাহার ১ জুলাই ২০১৮ যোগদান করেন।
- নারীবান্ধব হাসপাতাল কর্মসূচীর প্রকল্প কর্মকর্তা সাঈয়্যেদা ইসলাম এর বিয়ে হয়েছে এবং তিনি চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- ‘Initiative to End Gender-Based Violence in the Garment Industry’ প্রকল্পে রওশন আরা ‘প্রকল্প পরিচালক’ এবং সাবিনা ইয়াসমিন ‘সহ প্রকল্প ব্যবস্থাপক : কমিউনিটি ডেভলপমেন্ট’ পদে যোগদান করেছেন। উক্ত প্রকল্পে ‘সহ প্রকল্প ব্যবস্থাপক, হিসাব’ পদে সাবিয়া সুলতানা ১ জানুয়ারি ২০১৮ যোগদান করেছেন
- নারীপক্ষ’র ‘হিসাব রক্ষণ কর্মকর্তা’ পদের অরবিন্দু দাস ১ জানুয়ারি ২০১৮ যোগদান করেছেন যোগদান করেছেন। তিনি কন্যা সন্তানের পিতা হয়েছেন।
- সামিয়া আফরীন ও মাকসুদা খাতুনকে নারীপক্ষ’র অধিকার এখানে, এখনই প্রকল্প, আন্তর্জাতিক জনসংখ্যা ও উন্নয়ন সম্মেলনের করনীয় এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে তৃণমূল সমর্থন জোরদারকরণ কার্যক্রম, বাংলাদেশে যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার বিষয়ক প্রতিবেদন- আইসিপিডি +২৫ কার্যক্রমসহ স্বাস্থ্য বিষয়ক অন্যন্য কর্মসূচি বাস্তবায়নের জন্য ১ জানুয়ারি ২০১৮ নিয়োগ দেওয়া হয়েছে। উল্লেখ্য যে উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য সার্বিক তত্ত্বাবধানে থাকবেন সামিয়া আফরীন এবং বাস্তবায়নে সহযোগিতা করার জন্য মাকসুদা খাতুন

- নারীর মানবাধিকার রক্ষায় আইন বাস্তবায়নের জন্য এডভোকেসী প্রকল্পে লিপি লিলিয়ান রোজারিও উর্দ্ধতন প্রকল্প কর্মকর্তা পদে ১ জানুয়ারি ২০১৮ থেকে কাজ করেন, প্রকল্পটি ১৫ সেপ্টেম্বর ২০১৮ শেষ হয়েছে।
- নারী বান্ধব হাসপাতাল কর্মসূচীতে হিসাব রক্ষণ কর্মকর্তা পদে জানে আলম ইরাক ২৮ ফেব্রুয়ারি ২০১৮ যোগদান করেছেন।

প্রতিবেদন প্রস্তুতকারী

মোঃ আজাদ হোসেন
সহকারী ডকুমেন্টেশন ও তথ্য পযুক্তি কর্মকর্তা
ও

মণীষা মজুমদার
ডকুমেন্টেশন কর্মকর্তা
নারীপক্ষ